 (a) প্রাইমারি অ্যামিন (b) অ্যালডিহাইড (c) অ্যামাইড (d) প্রাইমারি অ্যাকোহল
 সমাধান: $\text{Ar/R}-\text{NH}_2 + \text{CHCl}_3 + 3\text{KOH(alc)} \xrightarrow{70^\circ\text{C}} \text{Ar/R}-\text{N}=\text{C} + 3\text{KCl} + 3\text{H}_2\text{O}$
22. কোন বিকারক দ্বারা প্রাইমারি অ্যামিন শনাক্ত করা যায়? [JU*16-17][Ans: d]
 (a) HCl (b) CHCl_3 (c) NaOH (d) $\text{CHCl}_3 + \text{KOH}$
23. মুক্ত শিকল জৈব-যৌগের শিকল দৈর্ঘ্য হ্রাস করার জন্য কোন বিক্রিয়ার সাহায্য নেয়া যেতে পারে? [RU*16-17][Ans: a]
 (a) হফম্যান (b) উর্টজ (c) ডায়েল অন্ডার (d) পারকিন
 সমাধান: $\text{CH}_3-\overset{\text{O}}{\parallel}{\text{C}}-\text{NH}_2 + \text{Br}_2 + \text{NaOH} \longrightarrow \text{CH}_3-\text{NH}_2 + \text{Na}_2\text{CO}_3 + \text{H}_2\text{O} + \text{NaBr}$
 উৎপাদে $(\text{CH}_3-\text{CH}_2)$ তে বিক্রিয়ক থেকে 1টি কার্বন কমে যায়।
24. নিচের অ্যামাইডগুলোর মধ্যে কোনটি হফম্যান ক্ষুদ্রাংশকরণ বিক্রিয়ার অংশগ্রহণ করে না? [JU*16-17][Ans: c]
 (a) $\text{CH}_3-\text{CONH}_2$ (b) $(\text{CH}_3)_2\text{CH}-\text{CONH}_2$
 (c) $\text{CH}_3-\text{CONH}-\text{CH}_3$ (d) $\text{CH}_3-\text{CH}_2-\text{CONH}_2$
 সমাধান: হফম্যান ক্ষুদ্রাংশকরণে শুধুমাত্র 1° অ্যামাইড অংশগ্রহণ করে।
25. নিম্নোক্ত যৌগগুলির মধ্যে কোনটি সবচেয়ে বেশি ক্ষারীয়? [RU*15-16][Ans: b]
 (a) CH_3NH_2 (b) $\text{C}_2\text{H}_5\text{NHC}_2\text{H}_5$ (c) $(\text{CH}_3)_3\text{N}$ (d) $\text{CH}_3\text{NHC}_2\text{H}_5$
 সমাধান: অ্যামিনের ক্ষারকতার ক্রম $2^\circ > 1^\circ > 3^\circ$ । তবে CH_3 মূলকের তুলনায় C_2H_5 মূলকের ইলেকট্রন দানের প্রবণতা বেশি।
 ফলে $\text{C}_2\text{H}_5\text{NHC}_2\text{H}_5$ এর N এ ইলেকট্রনের ঘনত্ব সব চেয়ে বেশি। তাই এটি বেশি ক্ষারীয়।

BU*18-19


MEDISTORY

26. 2, 4-ডাইনাইট্রোফিনাইল হাইড্রাজিন দ্বারা কোনটি শনাক্ত করা হয়?
 (a) অ্যালকোহল (b) অ্যামিন (c) কিটোন (d) এস্টার [JU'15-16][Ans: c]
27. অ্যাসিটিক অ্যাসিডের স্ফুটনাঙ্ক কোনটি?
 (a) 118°C (b) 128°C (c) 138°C (d) 178°C [JU'15-16][Ans: a]
28. $RCONH_2 + Br_2 + KOH \xrightarrow{\Delta} R - NH_2 + KBr + K_2CO_3 + H_2O$ বিক্রিয়াটির নাম-
 (a) হফম্যান বিক্রিয়া (b) ক্যানিজারো বিক্রিয়া
 (c) কার্বিল অ্যামিন বিক্রিয়া (d) কোব বিক্রিয়া [CU'15-16][Ans: a]
29. ইথাইল অ্যাসিটেটকে ক্ষারীয় আর্দ্র-বিশ্লেষণ করলে কোন উৎপাদগুলো তৈরি হয়?
 (a) $CH_3COOH + C_2H_5OH$ (b) $CH_3CH_2COOH + CH_2OH$
 (c) $CH_3COONa + CH_3OH$ (d) $CH_3COONa + C_2H_5OH$ [DU'14-15][Ans: d]
30. অ্যামিনসমূহের বেলায় কোন তথ্যটি প্রযোজ্য নয়?
 (a) প্রোটন ত্যাগ করে (b) পোলার যৌগ (c) পানিতে দ্রবণীয় (d) পানিসহ H বন্ধন করে [JU'14-15][Ans: a]
31. $R - CONH_2$ কে Br_2 ও KOH এর জলীয় দ্রবণে উত্তপ্ত করলে মূলত কোন যৌগটি উৎপন্ন হয়-
 (a) অ্যামিন (b) ব্রোমো অ্যালকাইল অ্যামাইড
 (c) ফ্যাটি এসিড (d) ফ্যাটি এসিডের অ্যামোনিয়াম লবণ [RU'14-15][Ans: a]
32. নাইট্রাস এসিডের সাথে বিক্রিয়ায় নিচের কোন যৌগ N_2 গ্যাস উৎপন্ন করে?
 (a) $C_6H_5NH_2$ (b) $(CH_3)_2NH$ (c) CH_3NH_2 (d) $(CH_3)_3N$ [JU'14-15][Ans: c]
- সমাধান: $CH_3 - NH_2 + HNO_2 \xrightarrow{NaNO_2 + HCl} N_2 + R - OH + H_2O$
33. এসিড জাতকের মধ্যে কোনটি সবচেয়ে অধিক সক্রিয়?
 (a) CH_3COCl (b) $(CH_3CO)_2O$ (c) CH_3CONH_2 (d) $CH_3COC_2H_5$ [JU'14-15][Ans: a]
- সমাধান: সক্রিয়তার ক্রম: $CH_3COCl > (CH_3CO)_2O > CH_3 - COOC_2H_5 > CH_3CONH_2$
34. সিম-ক্ষারক উৎপন্ন হয় নিম্নোক্ত কোন পদার্থ থেকে?
 (a) $CH_3CHO + NH_2OH$ (b) $C_6H_5CHO + CH_3NH_2$
 (c) $CH_3COCH_3 + NH_3$ (d) $HCHO + NH_3$ [JU'14-15][Ans: b]
35. নিচের কোনটি মনোকার্বক্সিলিক এসিড শ্রেণীভুক্ত নয়?
 (a) ফরমিক এসিড (b) ইথানোয়িক এসিড
 (c) অক্সালিক এসিড (d) প্রোপানোয়িক এসিড [JU'14-15][Ans: c]




Written



01. (a) নিম্নলিখিত বিক্রিয়াগুলোতে উৎপন্ন মুখ্য জৈব যৌগসমূহের (A, B এবং C) সংকেতসহ নাম লিখ। [DU'23-24]



(b) অ্যালকোহল এবং কার্বক্সিলিক এসিডের মধ্যে পরীক্ষামূলকভাবে কীভাবে পার্থক্য করবে বিক্রিয়াসহ ব্যাখ্যা কর।



(b); $R - OH + NaHCO_3 \xrightarrow{\text{অ্যালকোহল}} \text{বিক্রিয়া হয় না।}$




সোডিয়াম বাইকার্বনেটের সাথে অ্যালকোহল বিক্রিয়া করে না। কিন্তু কার্বক্সিলিক এসিড ও সোডিয়াম বাইকার্বনেটের বিক্রিয়ায় CO_2 গ্যাস তৈরি হয়। উৎপন্ন CO_2 গ্যাস চূনের পানিকে ঘোলা করে।

Type-10: অ্যারোমেটিক হাইড্রোকার্বন: বেনজিন, টলুইন এবং বেনজিন ও টলুইনের ইলেকট্রোফিলিক প্রতিস্থাপন বিক্রিয়া


Concept

- হাকেল তত্ত্ব: বিজ্ঞানী হাকেল একটি তত্ত্বের মাধ্যমে অ্যারোমেটিকিটি ব্যাখ্যা করেন। হাকেল তত্ত্বের প্রস্তাব অনুসারে-
 01. সকল অ্যারোমেটিক যৌগের অণুতে একটি সমতলীয় চাক্রিক কাঠামো থাকে। যার উপরে ও নিচে সঞ্চরণশীল π আণবিক অরবিটাল থাকে।
 02. এ π আণবিক অরবিটালে $(4n + 2)$ সংখ্যক সঞ্চরণশীল π ইলেকট্রন থাকে। এখানে n একটি পূর্ণ সংখ্যা যার মান, 0, 1, 2, 3 ইত্যাদি হতে পারে। যেমন:



(i) $\rightarrow 4n + 2 = 8 \Rightarrow 4n = 6; \therefore n = \frac{3}{2}$ যা ভগ্নাংশ (i) নং অ্যারোমেটিক যৌগ নয়। আর $4n + 2 = 8$ কারণ π মোট ইলেকট্রন 8 টি।
 (ii) $\rightarrow 4n + 2 = 6 \Rightarrow 4n = 4 \therefore n = 1$ পূর্ণসংখ্যা (ii) নং অ্যারোমেটিক যৌগ।
 (iii) $\rightarrow 4n + 2 = 10 \therefore n = 2$ সুতরাং (iii) অ্যারোমেটিক যৌগ।
 (iv) $\rightarrow 4n + 2 = 2 \therefore n = 0$ সুতরাং (iv) অ্যারোমেটিক যৌগ।
 (v) $\rightarrow 4n + 2 = 6 \therefore n = 1$ সুতরাং (v) অ্যারোমেটিক যৌগ।

কিছু গুরুত্বপূর্ণ যৌগের সংকেত:




- অর্থো-প্যারা নির্দেশক গ্রুপ: যে সকল পরমাণু বা মূলক/গ্রুপের বেনজিন চক্রে উপস্থিত থাকলে নবাগত প্রতিস্থাপক অর্থো ও প্যারা অবস্থানে নির্দেশিত হয় তাদেরকে অর্থো-প্যারা নির্দেশক বলে। এদের বেনজিন বলয় সক্রিয়কারী গ্রুপও বলা হয়।
- মেটা নির্দেশক: যে সকল পরমাণু মূলক/গ্রুপের উপস্থিতির কারণে বেনজিন চক্রে নবাগত প্রতিস্থাপক মেটা অবস্থানে নির্দেশিত হয় তাদেরকে মেটা নির্দেশক গ্রুপ বলে। এদেরকে বেনজিন বলয় নিষ্ক্রিয়কারী/সক্রিয়তা হ্রাসকারী গ্রুপও বলা হয়। যে সমস্ত প্রতিস্থাপকে একক বন্ধন থাকে তারা সক্রিয়কারী গ্রুপ। এরা অর্থো ও প্যারা নির্দেশক। ব্যতিক্রম-নিষ্ক্রিয়কারী গ্রুপ। কিন্তু যারা দ্বি বা ত্রি বন্ধন যুক্ত তারা মেটা নির্দেশক।
- অর্থো-প্যারা ও মেটা নির্দেশক বোঝার উপায়:
 গঠনে দ্বিবন্ধন বিদ্যমান থাকলে Meta মূলক এবং গঠনে একক বন্ধন বিদ্যমান এটি অর্থো-প্যারা নির্দেশক।

অর্থো-প্যারা নির্দেশক		মেটা নির্দেশক
সক্রিয়কারী	সক্রিয়কারী	সক্রিয়তা হ্রাসকারী
-CH ₃ /R	-F	-NO ₂
-OH	-Cl	-SO ₃ H
-O-	-Br	-CHO
-NH ₂	-I	-COOH
-C ₆ H ₅ /-Ar		-CN
-NHCR		-COOR


রসায়ন ২য় পত্র


ভার্সিটি 'ক' মাস্টার প্রশ্নব্যাংক

- তড়িৎ ঋণাত্মকতার পার্থক্যের মাধ্যমে অর্থো-প্যারা ও মেটা নির্দেশক বোঝার উপায়: ধরি, বেনজিন বলয়ের সাথে সরাসরি যুক্ত মৌলটি হল X এবং X এর সাথে যুক্ত মৌলটি Y। তাহলে গাঠনিক সংকেতটি এ রকম হবে-



- (i) X এর তড়িৎ ঋণাত্মকতা > Y এর তড়িৎ ঋণাত্মকতা হলে যুক্ত মূলকটি হবে বলয় সক্রিয়কারী অর্থাৎ অর্থো-প্যারা নির্দেশক।
- (ii) X এর তড়িৎ ঋণাত্মকতা < Y এর তড়িৎ ঋণাত্মকতা হলে মূলকটি হবে বলয় নিষ্ক্রিয়কারী অর্থাৎ মেটা নির্দেশক।


উদাহরণ-01:  ; এখানে X হল O (অক্সিজেন) এবং Y হল H (হাইড্রোজেন)। অক্সিজেনের তড়িৎ ঋণাত্মকতা বেশি, তাই -OH মূলক হল অর্থো-প্যারা নির্দেশক।

উদাহরণ-02:  ; এখানে X হল C (কার্বন) ও Y হল O (অক্সিজেন)। কার্বনের তড়িৎ ঋণাত্মকতা অক্সিজেন হতে কম, তাই -COOH হল মেটা নির্দেশক।

উদাহরণ-03:  ; X হল N এবং Y হল C। নাইট্রোজেনের তড়িৎ ঋণাত্মকতা কার্বন অপেক্ষা বেশি, তাই -N = C মূলক অর্থো-প্যারা নির্দেশক।



উল্লেখ্য, পাই বন্ধন থাকলেই মূলকটি মেটা নির্দেশক এটি সত্য নয়। উদাহরণ (03) হতে তা বোঝা যায়।

- নিউক্লিয়াস ও পার্শ্বশিকল:




- (i) 6 কার্বনবিশিষ্ট বেনজিন চক্রকে Aromatic নিউক্লিয়াস বলে।
- (ii) বেনজিন চক্রের কোন H পরমাণু কার্বন সংবলিত কোন মূলক দ্বারা প্রতিস্থাপিত হলে (-CH₃) তাকে পার্শ্বশিকল বলে।
- (iii) বেনজিন হতে H পরমাণু চলে গেলে → ফিনাইল মূলক (-C₆H₅)।
- (iv) আবেশীয় প্রভাবের এর কারণে অর্থো-প্যারা নির্দেশক সক্রিয়তা বৃদ্ধিকারী হিসেবে কাজ করে।

- পরীক্ষাগারে বেনজিন টলুইনের প্রস্তুতির বিক্রিয়া:


জৈব যৌগ	পরীক্ষাগারে প্রস্তুতির বিক্রিয়া
বেনজিন	
টলুইন	

MCQ

01. উর্টজ-ফিটিং বিক্রিয়ায় নিচের কোনটি তৈরি হয়? [RU'23-24][Ans: c]
 (a) C_6H_6 (b) C_6H_5OH (c) $C_6H_5CH_3$ (d) C_6H_5Cl
02. $C_6H_5COONa + NaOH(CaO) \xrightarrow{\Delta} A$; A যৌগটি হলো- [JU'23-24][Ans: c]
 (a) C_6H_5COOH (b) $C_6H_5CH_3$ (c) C_6H_6 (d) C_6H_5OH
03. কোনটি ধনাত্মক মেসোমারিক ফল দেখায় না? [JU'23-24][Ans: c]
 (a) $-OH$ (b) $-NH_2$ (c) $>C=O$ (d) $\cdot\ddot{Cl}:$
04. ফেনল বেনজিনের চেয়ে বেশি সক্রিয় কেন? [JU'23-24][Ans: d]
 (a) ঋণাত্মক আবেশীয় ফল (b) ধনাত্মক আবেশীয় ফল
 (c) ঋণাত্মক মেসোমারিক ফল (d) $+M > +I$
05. নিচের কোন বিক্রিয়া দ্বারা একটি নতুন কার্বন-কার্বন বন্ধন গঠন সম্ভব? [CU'23-24][Ans: b]
 (a) ক্যানিজারো বিক্রিয়া (b) ফ্রিডেল-ক্রাফট বিক্রিয়া
 (c) ক্লিমেনসেন বিজারণ (d) রাইমার-টাইম্যান বিক্রিয়া
06. বেনজিন অণুতে সিগমা ও পাই বন্ধন সংখ্যা কয়টি? [JU'22-23][Ans: c]
 (a) 3,6 (b) 6,6 (c) 12, 3 (d) 12, 6



07. যদি ইথাইল বেনজিনকে $KMnO_4$ এর সাথে তাপ দেওয়া হয়, তবে নিচের কোনটি উৎপন্ন হয়? [DU'22-23][Ans: b]
 (a) বেনজিন (Benzene) (b) বেনজোয়িক এসিড (Benzoic acid)
 (c) টলুইন (Toluene) (d) ইথেন (Ethane)




08. কোন মূলকটি বেনজিন চক্রের বিক্রিয়ায় মেটা নির্দেশক? [GST'22-23][Ans: b]
 (a) $-NH_2$ (b) $-NO_2$ (c) $-Cl$ (d) $-CH_3$
 সমাধান: মেটা নির্দেশক $-NO_2, -COOH, -CHO$ ইত্যাদি।
09. বেনজিনের নাইট্রেশনের জন্য কোন নাইট্রেটিং এজেন্টের দরকার? [GST'22-23][Ans: b]
 (a) NO_2 (b) NO_2^+ (c) NO_2^- (d) $\cdot NO_2$
 সমাধান: NO_2^+ ইলেকট্রোফাইল হওয়ায় বেনজিনে ইলেকট্রোফিলিক প্রতিস্থাপনে (নাইট্রেশন) NO_2^+ নাইট্রেটিং এজেন্ট।

10. কোনটি অ্যারোমেটিক যৌগ নয়? [JU'22-23][Ans: d]
 (a) (b) (c) (d)

11. কোনটি অ্যারোমেটিক যৌগ? [JU'22-23][Ans: c]
 (i) (ii) (iii)
- (a) i, ii (b) ii, iii (c) i, iii (d) সবগুলো

12. কোন যৌগটি অ্যারোম্যাটিক নয়?



[RU'22-23][Ans: c]

13. বেনজিন একটা—

- (a) আলিফেটিক যৌগ (b) এলিসাইক্লিক যৌগ (c) অর্জিত যৌগ (d) অ্যারোম্যাটিক যৌগ

[CU'22-23][Ans: d]

14. কোনটি অন্যর AlCl₃ এর উপস্থিতিতে বেনজিনের সাথে বিক্রিয়া করে উল্লুইন উৎপন্ন করে?

- (a) CH₃CH₂Cl (b) CH₃Cl (c) CH₃COCl (d) CH₃OH

[CU'22-23][Ans: b]

15. নিম্নের কোনটি মেটা-নির্দেশক?

- (a) -NO₂ (b) -OH (c) -NH₂ (d) -CH₃

[CU'22-23][Ans: a]

16. নিম্নের কোনটি অর্থে-পারা নির্দেশক?


- (a) -NH₂ (b) -COOH (c) -SO₃H (d) কোনটাই সঠিক নয়

[CU'22-23][Ans: a]

17. বেনজিনে সিগমা বন্ধন কয়টি?

- (a) 10 (b) 12 (c) 14 (d) 16

[Agri.'21-22][Ans: b]




বেনজিনে মেটা σ বন্ধন = 12 টি

18. অন্যর AlCl₃ এর উপস্থিতিতে বেনজিনের সাথে অ্যাসিটাইল ক্লোরাইডের বিক্রিয়ার উৎপন্ন হয়—

- (a) Chlorobenzene (b) Acetophenone (c) Toluene (d) Benzoic acid

[DU'21-22; Agri.'20-21][Ans: b]



19. অন্যর AlCl₃ এর উপস্থিতিতে বেনজিনের সাথে বেনজোইল ক্লোরাইডের বিক্রিয়ার কোনটি উৎপন্ন হয়?

- (a) বেনজালডিহাইড (b) বেনজোইল এসিড (c) বেনজোফেনন (d) অ্যাসিটোফেনন

[GST'21-22][Ans: c]



20. কোনটি বিহম চক্রিক অ্যারোম্যাটিক যৌগ?

- (a) ইপল্লি ইথেন (b) সাইক্লোপ্রোপেন (c) বেনজিন (d) পিরিডিন

[JU'21-22][Ans: d]

21. বেনজিন বলায় π-bond এর সংখ্যা—

- (a) 5 (b) 3 (c) 4 (d) 2


[CU'21-22][Ans: b]




22. (a) $-NH_2$ (b) $-NO_2$ (c) $-CHO$ (d) $-SO_2H$ [DU'20-21][Ans: a]

সমাধান: অর্থো-প্যারা নির্দেশক হলো বেনজিন বলয় সক্রিয়কারী গ্রুপ।

23. বেনজিনে কয়টি সিগমা বন্ধন আছে? (a) 6 (b) 9 (c) 12 (d) 15 [JU'20-21][Ans: c]



24. বেনজিন চক্র $-NO_2$ মূলক থাকলে কোন কার্বনে ইলেকট্রন ঘনত্ব বেশি থাকে? (a) অর্থো (b) প্যারা (c) মেটা (d) সবগুলিতে একই থাকে [RU'20-21][Ans: c]



সমাধান: $-NO_2$:  এই গঠনে দ্বিবন্ধন বিদ্যমান তাই মেটা মূলক।

25. কোনটি বেনজিন বলয়ের সক্রিয়তা হ্রাস করে? (a) $-OH$ (b) $-CHO$ (c) $-NH_2$ (d) $-CH_3$ [CU'20-21; JU'17-18][Ans: b]


সমাধান: $-CHO$: $-C(=O)-H$ এই গঠনে দ্বিবন্ধন বিদ্যমান তাই Meta মূলক।

26. নিচের কোন যৌগটির সক্রিয়তা সর্বাধিক? (a)  (b)  (c)  (d)  [RU'19-20][Ans: b]

27. নিচের কোন যৌগটি অ্যালিফেটিক ও অ্যারোমেটিক উভয় ধর্ম প্রদর্শন করে? (a) বেনজিন (b) ক্লোরোবেনজিন (c) থায়োফিন (d) টলুইন [RU'17-18][Ans: d]



সমাধান:  } অ্যালিফেটিক
 } অ্যারোমেটিক

28. ন্যাপথালিনে π -বন্ধনের সংখ্যা কতটি? (a) 4 (b) 6 (c) 5 (d) 3 [KU'16-17, 14-15][Ans: c]







29. নিম্নোক্ত কোন মূলকটি প্রতিস্থাপিত হলে বেনজিন চক্রের সক্রিয়তা হ্রাস পায়? (a) OR (b) NO_2 (c) NH_2 (d) OH [CU'15-16, 12-13][Ans: b]

30. কোন যৌগটি অ্যালিফেটিক ও অ্যারোমেটিক উভয় ধর্ম প্রদর্শন করে? (a) Benzene (b) Cyclohexane (c) Toluene (d) Chlorobenzene [DU'14-15][Ans: c]

সমাধান:  } মিথাইল গ্রুপ
 } বেনজিন বলয়





31. হাকেল নিয়ম প্রযোজ্য হয় নিচের কোন যৌগে? (a) সাইক্লোহেক্সেন (b) বেনজিন (c) সাইক্লোপ্রোপেন (d) হেক্সেন [JU'14-15][Ans: b]

32. নিচের কোনটি $C_6H_4Cl_2$ এর সমাণু নয়?



[JnU'14-15][Ans: d]

33. মেটা নির্দেশক (meta directing) মূলক কোনটি?








[JnU'14-15][Ans: b]

সমাধান: [A ও B এর মাঝে যে কোন সংখ্যক বন্ধন থাকতে পারে]

তড়িৎ ঋণাত্মকতা $A < B$ হলে AB মেটা নির্দেশক। তড়িৎ ঋণাত্মকতা $A > B$ হলে অর্থো-প্যারা নির্দেশক।







34. নিচের কোনটি অনার্দ্র $AlCl_3$ এর উপস্থিতিতে বেনজিনের সাথে বিক্রিয়া করে টলুইন উৎপন্ন করবে?

[CU'13-14][Ans: d]





35. ফেনলে কয়টি π ইলেকট্রন আছে?




[JnU'13-14][Ans: b]



36. টলুইনকে ক্রোমিল ক্লোরাইড দ্বারা জারিত করলে বেনজালডিহাইড উৎপন্ন হয়। এটি নিচের কোন বিক্রিয়া নামে পরিচিত?



[KU'13-14][Ans: a]







Written

01. (a) বেনজিনের অ্যালকাইলিকরণে ব্যবহৃত বিক্রিয়াটির নাম কী? বিক্রিয়াটি লেখ ও বিক্রিয়া কৌশল দেখাও।

[DU'19-20]


(b) 1-বিউটানল এর একটি অপসারণ বিক্রিয়া লেখ।



Concept

আমি পাইব বা অ্যারোম্যাটিক আমি পাইবের প্রস্তুতি:

(i) নাইট্রোবেঞ্জিনের বিজারণ দ্বারা আমি পাইব প্রস্তুতি:



(ii) হফম্যান ক্রমবর্ধন বিক্রিয়া দ্বারা:


বেঞ্জামাইনকে গ্রামিন ও অম্লিত সোডা অম্লিত পটাস প্রদান দ্বারা উত্তেজিত করে আমি পাইব উৎপন্ন হয়।



(iii) বেঞ্জিন অ্যারোম্যাটিক ক্রোমাইট থেকে আমি পাইব প্রস্তুতি: বেঞ্জিন অ্যারোম্যাটিক ক্রোমাইটকে Zn ও গাঢ় HCl দ্বারা বিজারিত করে আমি পাইব উৎপন্ন হয়:



(iv) আলকহোল হ্যালাইড ও আমি পাইব থেকে 2° আমি পাইব, 3° আমি পাইব এবং 4° আমি পাইব (কোয়ারটারনারি নবন) প্রস্তুতি: আলকহোল হ্যালাইডের সাথে আমি পাইব বিক্রিয়া করে 2° আমি পাইব, 3° আমি পাইব ও কোয়ারটারনারি নবন উৎপন্ন করে। যেমন: আমি পাইব ও মিথাইল হ্যালাইডের বিক্রিয়ায় 2° আমি পাইব, 3° আমি পাইব ও কোয়ারটারনারি নবন উৎপন্ন হয়।




আমি পাইবের শনাক্তকারী বিক্রিয়া

কার্বিল আমি পাইব বিক্রিয়া: আমি পাইব ক্রোমিয়াম ও আলকহোলিক KOH এর সাথে 60°C - 70°C তাপমাত্রায় উত্তেজিত করে গরম বুদ্ধ কার্বিল আমি পাইব বা কার্বিল আইসোসায়ানাইড গঠন করে।



1° অ্যালিফেটিক আমি পাইব এবং 1° অ্যারোম্যাটিক আমি পাইবের মধ্যে পার্থক্যকারী বিক্রিয়া





ডায়াজোনিয়াম নবন: যে নবনের ধনাত্মক অংশে বেঞ্জিন বলায়ের সাথে দুটি নাইট্রোজেন পরমাণু বিশিষ্ট কাটনিক এবং ধনাত্মক অংশে একবোজী এসিড মূলক অ্যানায়ন হিসেবে থাকে তাকে ডায়াজোনিয়াম নবন বলে। যে প্রক্রিয়া ডায়াজোনিয়াম নবনে রূপান্তরিত হয় তাকে ডায়াজোনিয়াম বলে।

আমি পাইবের শনাক্তকারী বিক্রিয়া

ভার্সিটি 'ক' মাস্টার প্রশ্নব্যাংক


বেনজিন ডায়াজোনিয়াম ক্লোরাইডের পরীক্ষাগার প্রস্তুতি

- মূলনীতি: নিম্ন তাপমাত্রায় 0 - 5°C উষ্ণতায় HCl এ দ্রবীভূত অ্যানিলিনের সাথে NaNO₂ এর জলীয় দ্রবণ যোগ করলে বেনজিন ডায়াজোনিয়াম ক্লোরাইড উৎপন্ন হয়। তিন ধাপে এ প্রক্রিয়া সম্পন্ন হয়। প্রথমে অ্যানিলিন ও HCl এর বিক্রিয়ায় অ্যানিলিন হাইড্রোক্লোরাইড লবণ গঠিত হয়। এদিকে NaNO₂ ও খনিজ এসিডের বিক্রিয়ায় HNO₂ উৎপন্ন হয় যা 0 - 5°C উষ্ণতায় প্রথম বিক্রিয়ায় উৎপন্ন লবণের সাথে বিক্রিয়া করে ডায়াজোনিয়াম ক্লোরাইড গঠন করে। উল্লেখ্য যে, HNO₂ খুবই অস্থিতিশীল। এ কারণে NaNO₂ ও HCl এর সংযোগে HNO₂ তৈরি করা হয়।



উল্লেখ্য তাপমাত্রা বৃদ্ধি পেলে উৎপন্ন বেনজিন ডায়াজোনিয়াম ক্লোরাইড ফেনলে পরিণত হয়ে যায়।

MCQ

01. $\text{C}_6\text{H}_5\text{CONH}_2 + \text{Br}_2 + 4\text{NaOH} \xrightarrow{\Delta} \text{A} + 2\text{NaBr} + \text{Na}_2\text{CO}_3 + 2\text{H}_2\text{O}$ বিক্রিয়ায় A যৌগ নিচের কোনটি? [RU'23-24][Ans: a]
 (a) অ্যানিলিন (b) ফেনল (c) বেনজয়িক এসিড (d) নাইট্রোবেনজিন
02. নিম্নলিখিত বিক্রিয়ার জন্য কোন বিকারক প্রয়োজন? [RU'21-22][Ans: d]

 (a) CH₃COCH₃ (b) CH₃COCl (c) CH₂CONH₂ (d) CH₃COOH
03. বর্ণালির সাহায্যে 1° অ্যারোমেটিক অ্যামিন শনাক্ত করা যায়? [RU'18-19][Ans: c]
 (a) 20%NaOH, Δ (b) Na, C₂H₅OH, Δ (c) HCl + NaNO₂, Δ (d) Na₂O
04. বেনজামাইডের হফম্যান ক্ষুদ্রাংশকরণ বিক্রিয়ার উৎপাদ কী? [DU'16-17][Ans: a]
 (a) Aniline (b) Nitrobenzene (c) Nitroanilide (d) Diphenyl amide
 সমাধান: $\text{C}_6\text{H}_5\text{CONH}_2 + \text{Br}_2 + \text{NaOH} \rightarrow \text{C}_6\text{H}_5\text{NH}_2 + \text{NaBr} + \text{H}_2\text{O} + \text{Na}_2\text{CO}_3$
05. 0°C তাপমাত্রায় অ্যানিলিন এবং NaNO₂ ও HCl এর বিক্রিয়ায় উৎপাদককে কক্ষ তাপমাত্রায় রেখে দিলে কী পাওয়া যায়? [DU'15-16][Ans: d]
 (a) Benzene diazonium chloride (b) Chlorobenzene
 (c) Nitrobenzene (d) Phenol
 সমাধান: 0°C তাপমাত্রায় অ্যানিলিন এবং (NaNO₂ + HCl) বেনজিন ডায়াজোনিয়াম লবণ উৎপন্ন করে। পরে তা কক্ষ তাপমাত্রায় আনলে পানির সাথে বিক্রিয়া করে ফেনল উৎপন্ন করে।
06. অ্যানিলিন থেকে বেনজিন ডায়াজোনিয়াম ক্লোরাইড তৈরিতে প্রয়োজন কোনটি? [JU'14-15][Ans: c]
 (a) HCl, NaNO₃, 5°C (b) NaNO₂, 5°C
 (c) NaNO₂ + HCl, 5°C (d) NaNO₃ + HCl, 5°C

07. নিচের কোন যৌগটি ডায়াজোনিয়াম লবণ উৎপন্ন করে?
 (a) $H_2NCH_2CH_3$
 (c) $C_6H_5CONH_2$

(b) $C_6H_5NO_2$
 (d) $C_6H_5NH_2$

[JU'14-15; DU'10-11, 04-05][Ans: d]

সমাধান: $C_6H_5NH_2 + HCl + NaNO_2 \xrightarrow{0^\circ-5^\circ C} C_6H_5N_2Cl + NaCl + H_2O$

08. বেনজিন ডায়াজোনিয়াম ক্লোরাইডের জলীয় দ্রবণকে তাপ দেয়া হলে কী ঘটে?
 (a) Formation of phenol
 (c) Formation of biphenyl

(b) Formation of nitrobenzene
 (d) Formation of phenylhydrazine


[DU'13-14][Ans: a]

সমাধান: $C_6H_5N_2Cl + H_2O \xrightarrow{\Delta} C_6H_5OH + HCl + N_2$

Written

01. Example: বেনজিন থেকে কীভাবে অ্যানিলিন তৈরি করবে বিক্রিয়াসহ লেখ।
 সমাধান:


[DU'21-22]



02. A ও B যৌগ দুটিকে শনাক্ত করে নিম্নের বিক্রিয়া সম্পূর্ণ কর:

$$C_6H_5CONH_2 \xrightarrow{Br_2 + NaOH} A \xrightarrow[0-5^\circ C]{HNO_2 + HCl} B + H_2O$$

[RU'19-20]



A যৌগ → অ্যানিলিন; B যৌগ → বেনজিন ডায়াজোনিয়াম ক্লোরাইড।

Type-12: রূপান্তর, শূন্যস্থান পূরণ, বিক্রিয়া সম্পূর্ণ করা

MCQ

01. $A \xrightarrow{PCl_5} B \xrightarrow{Na} n\text{-বিউটেন}$; A ও B যৌগদ্বয় হলো:

(a) CH_3OH & CH_3Cl
 (b) CH_3OH & CH_3CH_2Cl
 (c) CH_3CH_2OH & CH_3Cl
 (d) CH_3CH_2OH & CH_3CH_2Cl

[JU'22-23][Ans: d]

সমাধান: $CH_3CH_2OH \xrightarrow{PCl_5} CH_3CH_2Cl \xrightarrow{Na} CH_3-CH_2-CH_2-CH_3$
 n-বিউটেন

02. কোন বিক্রিয়াটি সঠিক নয়?

(a) $CH_3CH_2Br + KOH \xrightarrow{alcohol} CH_2 = CH_2$
 (b) $CH_2BrCH_2Br + Zn \xrightarrow{\Delta} CH_2 = CH_2$
 (c) $CH_3CH_2Br + KOH + H_2O \rightarrow CH_3CH_2OH$
 (d) $CH_3COOH + Zn \xrightarrow{\Delta} CH_4 + ZnO + CO$

[RU'22-23][Ans: d]

সমাধান: $Zn + CH_3COOH \rightarrow (CH_3COO)_2Zn + H_2$

ভার্সিটি 'ক' মাস্টার প্রশ্নব্যাংক



03. $\text{CH}_3\text{CH}_2\text{OH} + \text{H}_2\text{SO}_4 \xrightarrow{170^\circ\text{C}}$ বিক্রিয়ার উৎপাদ কোনটি?
 (a) $\text{CH}_3\text{CH}_2\text{SO}_3\text{H}$ (b) CH_3CH_3 (c) $\text{CH}_2 = \text{CH}_2$ (d) CH_4

[RU'22-23][Ans: c]

04. কোন বিক্রিয়াটি সঠিক?

[RU'22-23][Ans: c]


- (a) $\text{CH}_3\text{CH}_2\text{CH}_2\text{Cl} + \text{KOH}(\text{alc}) \xrightarrow{\Delta} \text{CH}_3\text{CH}_2\text{CH}_2\text{OH} + \text{KCl}$
 (b) $\text{CH}_3\text{CH}_2\text{CH}_2\text{Cl} + \text{KOH}(\text{aq}) \xrightarrow{\Delta} \text{CH}_3\text{CH} = \text{CH}_2 + \text{KCl} + \text{H}_2\text{O}$
 (c) $\text{CH}_3\text{CH}_2\text{CH}_2\text{OH} + \text{H}_2\text{SO}_4(\text{conc.}) \xrightarrow{\Delta} \text{CH}_3\text{CH} = \text{CH}_2 + \text{H}_2\text{O}$
 (d) সবগুলো



05. $\text{C}_2\text{H}_5\text{OH}$ জারিত হয়ে তৈরি হয় Z, যা $\text{C}_2\text{H}_5\text{OH}$ -এর সাথে এস্টার প্রস্তুত করে। Z কী?

[DU'21-22][Ans: b]

- (a) HCOOH (b) CH_3COOH (c) CH_3CHO (d) $\text{CH}_3\text{CH}_2\text{CH}_2\text{COOH}$




নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুটি প্রশ্নের উত্তর দাও:

$\text{C}_4\text{H}_8\text{O}_2$ [M] সংকেতের এস্টারকে জলীয় NaOH সহ আর্দ্রবিশ্লেষণ করলে [P] ও [Q] দুটি যৌগ উৎপন্ন হয়। পাতন প্রক্রিয়ায় [P] কে প্রথমে 78°C এ পৃথক করে আয়োডিন ও লঘু NaOH দ্রবণ সহ উত্তপ্ত করলে হলুদ বর্ণের অধঃক্ষেপ পড়ে।

06. [P] যৌগটি হলো-

[JU'21-22][Ans: d]

- (a) বিউটানল (b) প্রোপানল (c) ইথান্যাল (d) ইথানল




07. [Q] যৌগটি হলো-

[JU'21-22][Ans: b]

- (a) সোডিয়াম বিউটানোয়েট (b) সোডিয়াম ইথানোয়েট
 (c) অ্যাসিটিক এসিড (d) ইথানোয়িক এসিড

উদ্দীপকের আলোকে পরবর্তী তিনটি প্রশ্নের উত্তর দাও:



08. ফেলিং দ্রবণে Cu_2O এর লাল অধঃক্ষেপ দেয়-


[JU'21-22][Ans: d]

- (i) অ্যালডিহাইড (ii) ফরমিক এসিড (iii) গ্লুকোজ

নিচের কোনটি সঠিক?

- (a) i, ii (b) ii, iii (c) i, iii (d) i, ii, iii

সমাধান: (-CHO) গ্রুপ থাকার কারণে অ্যালডিহাইড, ফরমিক এসিড গ্লুকোজ ফেলিং দ্রবণে অধঃক্ষেপ দেয়।




[JU'21-22][Ans: c]

(a) বিটটিন-2

(b) বিটটিন-1

(c) 2-বিথাইল প্রোপিন

(d) 1-বিথাইল বিটটিন




[JU'21-22][Ans: a]

(a) ইথান্যাল


(b) মিথান্যাল

(c) প্রোপান্যাল

(d) প্রোপালডিহাইড



[RU'21-22][Ans: b]




(a) অ্যামোনিয়াম অ্যাসিটেট

(b) অ্যাসিটাইড


(c) ইথাইল অ্যামিন

(d) মিথাইল অ্যামিন



[RU'21-22][Ans: b]


নিচের কোন বিক্রিয়াটি সঠিক?



[DU'18-19][Ans: c]


যৌগ X, $C_4H_{10}O$, অক্সিজেন $\text{Na}_2\text{Cr}_2\text{O}_7$ দ্বারা অক্সিড হলে Y-যৌগ হয়। Y যৌগটি অল্প পরিমাণে H_2SO_4 এর উপস্থিতিতে ইথানলের সঙ্গে বিক্রিয়া করে Z যৌগ তৈরি করে। Z এর সংকেত কী?

- (a) $\text{CH}_3(\text{CH}_2)_2\text{CH} = \text{CHCO}_2\text{H}$ (b) $\text{CH}_3(\text{CH}_2)_4\text{CH}_2\text{COCH}_2\text{CH}_3$
 (c) $\text{CH}_3(\text{CH}_2)_4\text{CO}_2\text{CH}_2\text{CH}_3$ (d) $\text{CH}_3\text{CH}_2\text{CO}_2(\text{CH}_2)_4\text{CH}_3$




[DU'18-19][Ans: c]

নিচের বিক্রিয়া ক্রমে X ও Y কী?



- (a) X = NH_3 , Y = HCl(aq)
 (b) X = KCN in $\text{C}_2\text{H}_5\text{OH}$, Y = NaOH(aq)
 (c) X = KCN in $\text{C}_2\text{H}_5\text{OH}$, Y = HCl(aq)
 (d) X = HCN , Y = NaOH(aq)




ভার্সিটি 'ক' মাস্টার প্রশ্নব্যাংক

15. $CH_3CH_2CH_2CH_2OH \xrightarrow[A]{Al_2O_3} X$ যৌগ + H_2O , এক্ষেত্রে 'X' যৌগটি কোনটি?
 (a) বিউটিন-1 (b) বিউটিন-2 (c) বিউটাইন-1 (d) বিউটান্যাল

[JU'18-19][Ans: a]


16. $C_6H_5 - CHO + CH_3NH_2 \rightarrow q + H_2O$ বিক্রিয়ায় q এর আণবিক সংকেত কোনটি?
 (a) $C_6H_5 - \overset{H}{C} = N - CH_3$ (b) $C_6H_5 - \overset{H}{C} = N - C_6H_5$
 (c) $C_6H_5 - CH_3 - COOH$ (d) $C_6H_5 - COOH$

[DU'17-18][Ans: a]



17. নিচের বিক্রিয়ার উৎপাদ/উৎপাদসমূহ কী? $HCHO \xrightarrow{\text{গাঢ় NaOH দ্রবণ}} \text{Product(s)}$
 (a) $CH_3OH + CH_4$ (b) CH_4 (c) $CH_3OH + HCOOH$ (d) $HCOOH$
 সমাধান: $HCHO$ তে α -H নেই। তাই এটি ক্যানিজারো বিক্রিয়া দেয়।

[DU'17-18][Ans: c]




18. $RCOOH + ROH \xrightarrow{H_2SO_4} A + H_2O$; A যৌগটি হচ্ছে-
 (a) অ্যামিন (b) অ্যামাইড (c) এস্টার (d) অ্যানহাইড্রাইড
 সমাধান: $RCOOH + ROH \rightarrow RCOOR + H_2O$

[JU'16-17][Ans: c]


19. $CH_3CHO + 2,4\text{-DNPH} \rightarrow A + H_2O$; A যৌগটি হচ্ছে-

[JU'16-17][Ans: a]



20. $Ar - CHO \xrightarrow{\text{বিকারক (Reagent) } H^+/H_2O} ArCH(OH)COOH$ বিকারকটি-
 (a) $RMgX$ (b) HCN (c) CH_3Cl (d) H_2CO_3

[DU'14-15][Ans: b]





21. নিচের বিক্রিয়ার প্রধান উৎপাদ কী?
 $CH \equiv CH + H_2O \xrightarrow{20\%H_2SO_4, 1\%HgSO_4, 60^\circ C}$
 (a) CH_3CHO (b) CH_3COOH (c) CH_3CH_2OH (d) CH_3COCH_3

[DU'13-14][Ans: a]

Written

01. নিচের বিক্রিয়াগুলি পূর্ণ কর (Complete the following reactions)


[DU'22-23]




Type-13: গুরুত্বপূর্ণ যৌগ, বিবিধ যৌগের ব্যবহার, গাঠনিক সংকেত

MCQ


01. তেঁতুলে কোন এসিড বিদ্যমান থাকে? [CU'22-23][Ans: b]
 (a) এসকরবিক এসিড (b) টারটারিক এসিড (c) অ্যামাইনো এসিড (d) নাইট্রিক এসিড
02. কোন এসিডটি লেবুতে পাওয়া যায়? [CU'22-23][Ans: c]
 (a) মিথানয়িক এসিড (b) ইথানয়িক এসিড (c) সাইট্রিক এসিড (d) টারটারিক এসিড
03. উলের কাপড় ধোয়ার জন্য কোনটি ব্যবহৃত হয়? [JU'21-22][Ans: b]
 (a) CH₃Cl (b) CCl₄ (c) CF₂Cl₂ (d) CBr₂ClF
- সমাধান: উলের কাপড় ও দামী সিনথেটিক কাপড়ের ড্রাই ওয়াশিং তরলরূপে 1,1,2-ট্রাইক্লোরো ইথিন (CHCl = CCl₂) বা ওয়েস্ট্রোসল ব্যবহৃত হয়। এছাড়া CCl₄ দ্রাবক ড্রাই ওয়াশিং তরলরূপে ব্যবহৃত হয়।
04. আনারসে কোন এস্টার বিদ্যমান? [JU'18-19][Ans: b]
 (a) Amyl acetate (b) Ethyl butanoate (c) Pentyl ethanoate (d) Ethyl acetate
05. 'ফরমালিন' নিম্নের কোনটির 40% জলীয় দ্রবণ? [CU'18-19][Ans: b]
 (a) ইথানয়িক এসিড (b) মিথান্যাল (c) কার্বোলিক এসিড (d) গ্লিসারল
06. ভিনেগার হলো- [JU'16-17][Ans: a]
 (a) 6 – 10% CH₃COOH (b) 6 – 10% C₂H₅OH
 (c) 6 – 10% CH₃COCH₃ (d) 6 – 10% CH₃CHO
07. পাকা ফলের সুগন্ধের মূল কারণ- [KU'16-17; JU'14-15; RU'08-09][Ans: b]
 (a) পলি অ্যারোম্যাটিক এস্টার (b) অ্যালিফ্যাটিক এস্টার
 (c) ভিটামিন (d) অ্যালকোহল
08. যে শর্করা ফেহলিং দ্রবণ ও টলেন বিকারকে বিজারিত করতে পারে না- [DU'14-15][Ans: a]
 (a) Sucrose (b) Glucose (c) Fructose (d) Maltose



09. এই গঠনে -CHO মূলক নেই বিধায় ফেহলিং ও টলেন দ্বারা এটি বিজারিত হয় না।
 ফরমালিন হলো ফরমালডিহাইডের নিম্নোক্ত শতকরা জলীয় দ্রবণ- [DU'14-15; CU'12-13, 11-12; JU'10-11; RU'09-10, 08-09][Ans: d]
 (a) 50% – 60% (b) 20% – 25% (c) 80% – 90% (d) 30% – 40%
10. ডাক্তারী যন্ত্রপাতির জীবাণুনাশকরূপে ব্যবহৃত হয়- [JU'14-15][Ans: a]
 (a) 70% ইথানল ও 30% পানির মিশ্রণ (b) ডেটল (c) মেনথল (d) রেকটি ফাইড স্পিরিট
11. হেক্সামিন, সাইক্লোনাইট ও ব্যাকেলাইট প্রস্তুত করা যায় নিচের কোন যৌগ থেকে? [JU'14-15][Ans: b]
 (a) CH₃CHO (b) HCHO (c) CH₃COCH₃ (d) C₆H₅CHO
12. বেনজাইল ক্লোরাইডের গাঠনিক সংকেত কোনটি? [JU'14-15][Ans: a]



13. আর্দ্রতাকারক ফ্রিম তৈরিতে ব্যবহৃত হয়—
 (a) মিথানল (b) মিথান্যাল (c) সরবিটল (d) গ্লাইকল







14. ডাইব্রোমো-ক্লোরো-ফ্লোরো মিথেন (CBr₂ClF) ব্যবহৃত হয়—
 (a) বিষাক্ত গ্যাস উৎপাদনকারী হিসেবে (b) চেতনানাশক হিসেবে
 (c) অগ্নি নির্বাপনকারী হিসেবে (d) অগ্নি প্রজ্জ্বলনকারী হিসেবে

[RU'13-14][Ans: c]

15. কোন গাঠনিক সংকেতটি (Molecular structure) সঠিক নয়?

[JnU'13-14][Ans: c, d]

- (a) স্যালিসাইলিক অ্যাসিড (b) সিনামিক অ্যাসিড (c) ইথানয়িক অ্যাসিড (d) বেনজয়িল অ্যাসিড



Type-14: বিবিধ

Concept

◆ নকিং ও অকটেন নম্বর:

নকিং হল ইঞ্জিনের ধাক্কা বা knocking। কোন জ্বালানির অকটেন নম্বর হলো iso-অকটেন ও n-হেপ্টেনের মিশ্রণের iso-অকটেনের পরিমাণ। যেমন- কোন মোটর জ্বালানির অকটেন নম্বর 85% অর্থাৎ ঐ জ্বালানিটি 15% n-হেপ্টেন এবং 85% iso-অকটেনের মিশ্রণ। যে জ্বালানির অকটেন নম্বর যত বেশি সেই জ্বালানি তত বেশি উৎকৃষ্ট। যে জ্বালানি পেট্রোলের অকটেন সংখ্যা 74, তাকে নিয়মিত গ্যাসোলিন বলে। খুব ভাল মানের জ্বালানির অকটেন সংখ্যা সাধারণত 81 হয়, একে প্রিমিয়াম গ্যাসোলিন বলে। উড়োজাহাজে ব্যবহৃত গ্যাসোলিনের অকটেন সংখ্যা 100।

◆ অকটেন নম্বর বৃদ্ধি বা নকিং কমানোর উপায়:

- (ক) উচ্চতর হাইড্রোকার্বনের তাপীয় বিয়োজন দ্বারা।
 (খ) সরল অ্যালকেনকে শাখায়ুক্ত অ্যালকেনে পরিণত করে।
 (গ) জ্বালানির সাথে TEL, TML, Fe(CO)₅ টলুইন যোগ করে। এগুলোকে Anti-knock বলে।

MCQ

01. প্রোটিনকে সম্পূর্ণরূপে আর্দ্র বিশ্লেষণ করলে পাওয়া যাবে—
 (a) Nucleic acid (b) Peptides (c) Amino acids (d) Lipids [CU'23-24][Ans: c]
02. কোন যৌগটির স্ফুটনাঙ্ক সবচেয়ে কম?
 (a) C₄H₉OH (b) (C₂H₅)₂O (c) C₂H₅COOCH₃ (d) C₃H₇CHO [GST'20-21][Ans: b]
03. গাঢ় HCl + অনার্দ্র ZnCl₂ এর দ্রবণ—
 (a) টলেন বিকারক (b) গ্রিগনার্ড বিকারক (c) শিফস বিকারক (d) লুকাস বিকারক [CU'20-21][Ans: d]
04. কোন যৌগটি অকটেনের মান উন্নয়নে ব্যবহার করা হয়?
 (a) Na₂SnO₃ (b) SiCl₄ (c) Pb(C₂H₅)₄ (d) Na₂SiO₃ [JU'18-19][Ans: c]

সমাধান: TEL (Tetra Ethyl Lead), Pb₂(C₂H₅)₄ TML (Tetra Methyl Lead), Fe(CO)₅ বা টলুইন ব্যবহার করা হয়।

05. নিচের কোনটি সবচেয়ে অম্লীয়?


[RU'18-19][Ans: c]

(a) ফেনল

(b) বেনজাইল অ্যালকোহল

(c) ক্লোরোফেনল

(d) সাইক্লোহেক্সানল



Cl এর ঋণাত্মক আবেশীয় ফলের কারণে -O - H মূলকের পোলারাইজেশন বেশি ঘটে। ফলে H⁺ আয়ন ত্যাগের প্রবণতা ফেনল থেকে বেশি হয়।

06. নিচের কোন এসিডে -COOH মূলক নেই?


[CU'18-19][Ans: c]

(a) ইথানয়িক এসিড

(b) ল্যাকটিক এসিড

(c) পিকরিক এসিড

(d) পামিটিক এসিড



07. নন-স্টিক কোটিং দিতে কোন পলিমার ব্যবহৃত হয়?

[JnU'17-18][Ans: a]

(a) Polytetrafluoroethene

(b) Melamine

(c) Polystyrene

(d) Melador

08. বোতল গ্যাস বা LP গ্যাসের সিলিন্ডারে কী থাকে?

[KU'16-17][Ans: b]

(a) CH₄ ও C₂H₅

(b) C₃H₈ ও C₄H₁₀

(c) CH₄ ও C₂H₆

(d) CH₄ ও N₂

09. নিম্নোক্ত কোন যৌগটির স্ফুটনাংক সবচেয়ে বেশি?

[RU'15-16][Ans: b]

(a) C₂H₆

(b) C₂H₅OH

(c) CH₃OCH₃

(d) CH₃COCH₃

সমাধান: C₂H₅OH নিজেদের মধ্যে H- বন্ধন তৈরি করে।

10. কোন জ্বালানির কার্যক্ষমতা যদি 25% n হেক্সেন এবং 75% আইসো-অকটেনের মিশ্রণের মত হয় তাহলে ঐ জ্বালানির অকটেন সংখ্যা হবে-

[KU'14-15][Ans: c]

(a) 25

(b) 100

(c) 75

(d) 175

11. চিটা গুড় ও স্টার্চ থেকে ইথানল উৎপাদন প্রক্রিয়া হলো-

[JU'14-15][Ans: c]

(a) আর্দ্রবিশ্লেষণ

(b) জারণ

(c) গাঁজন প্রক্রিয়া

(d) বিয়োজন

Written

01. নিচের পদার্থগুলির সংযুক্তি লেখ।

[DU'21-22]

(i) Vinegar

(ii) Formalin

(iii) Lucas reagent

(iv) Aqua regia

(v) Natural gas

সমাধান: (i) CH₃COOH এর 6-10% জলীয় দ্রবণ

(ii) HCHO এর 40% জলীয় দ্রবণ (আয়তন হিসেবে) [40% HCHO + 8%CH₃OH + 52%H₂O প্রকৃতপক্ষে]

(iii) গাঢ় HCl + অনর্দ্র ZnCl₂ দ্রবণ

(iv) 1 mol conc. HNO₃ + 3 mol conc. HCl

(v) CH₄ → 95 - 99%, C₂H₆ → 0.1 - 4.0%, C₃H₈ → 0.1 - 1.0%, C₄H₁₀ → 0.1 - 1.23%

“পৃথিবীর সেরা ও সবচেয়ে সুন্দর জিনিসগুলি দেখা বা ছোঁয়া যায় না, সেগুলি হৃদয় দিয়ে অনুভব করতে হয়।”

- Helen Keller

অধ্যায় ০৩

পরিমাণগত রসায়ন

➤ ভার্সিটি ভর্তি পরীক্ষার জন্য এই অধ্যায়ের গুরুত্বপূর্ণ টাইপসমূহ:

গুরুত্ব	টাইপ	বিষয়বস্তু	যতবার এসেছে		যেসব ভার্সি পরীক্ষায় প্রশ্ন এসেছে	
			MCQ	Written	MCQ	Written
***	T-01	রাসায়নিক গণনা	24	01	DU'18-19; GST'21-22, 20-21, 19-20; RU'23-24, 22-23, 18-19, 15-16; JU'19-20, 16-17, 15-16; CU'23-24, 22-23, 21-22, 16-17, 13-14; KU'18-19, 17-18, 13-14; Agri.'19-20	RU'19-20
***	T-02	সমীকরণ বিষয়ক গণনা	20	01	DU'23-24, 18-19; GST'23-24, 20-21; SUST'19-20; RU'23-24, 22-23, 21-22, 20-21, 19-20, 18-19, 15-16; JU'19-20, 18-19, 15-16; CU'16-17; KU'19-20, 18-19; Agri.'21-22	RU'19-20
***	T-03	ঘনমাত্রা	69	01	DU'23-24, 18-19, 16-17, 13-14, 10-11, 06-07, 02-03; RU'23-24, 22-23, 21-22, 20-21, 19-20, 16-17, 15-16, 14-15, 13-14, 12-13; JU'23-24, 22-23, 21-22, 19-20, 18-19, 14-15, 11-12; JnU'16-17, 14-15, 12-13; CU'23-24, 21-22, 20-21, 17-18, 16-17, 13-14; KU'18-19, 16-17, 14-15; Agri.'21-22, 19-20	RU'19-20
***	T-04	এসিড-ক্ষার টাইট্রেশন	33	-	DU'22-23, 12-13, 13-14, 10-11; GST'22-23; RU'22-23, 21-22, 19-20, 17-18, 15-16, 14-15; JU'23-24, 22-23, 21-22, 19-20; CU'22-23, 20-21, 14-15, 13-14; KU'14-15; Agri.'20-21, 19-20	
***	T-05	জারণ-বিজারণ, সমীকরণ সমতাকরণ, জারণ-বিজারণ টাইট্রেশন ভিত্তিক গাণিতিক সমস্যা	70	02	DU'23-24, 21-22, 19-20, 18-19, 17-18, 15-16, 14-15, 13-14; GST'23-24, 21-22; SUST'19-20; RU'23-24, 22-23, 21-22, 19-20, 17-18, 16-17, 15-16, 14-15, 08-09; JU'23-24, 22-23, 21-22, 19-20, 18-19, 16-17, 15-16, 14-15; JnU'17-18, 15-16; CU'23-24, 22-23, 13-14, 21-22, 20-21, 18-19, 17-18, 14-15, 13-14; KU'19-20, 17-18, 14-15; Agri.'19-20	RU'19-20
*	T-06	আয়োডিমিতি ও আয়োডোমিতি	02	-	JU'17-18; CU'16-17	



Type-01: রাসায়নিক গণনা

Concept

প্রয়োজনীয় মৌলসমূহের পারমাণবিক ভর:

ক্র.নং	মৌলের নাম	পারমাণবিক ভর	ক্র.নং	মৌলের নাম	পারমাণবিক ভর
(i)	H (হাইড্রোজেন)	1	(xiv)	Mn (ম্যাঙ্গানিজ)	54.93
(ii)	C (কার্বন)	12	(xv)	Fe (আয়রন)	55.85
(iii)	N (নাইট্রোজেন)	14	(xvi)	Ni (নিকেল)	58.7
(iv)	O (অক্সিজেন)	16	(xvii)	Cu (কপার)	63.5
(v)	Na (সোডিয়াম)	23	(xviii)	Zn (জিংক)	65.4
(vi)	Mg (ম্যাগনেসিয়াম)	24	(xix)	As (আর্সেনিক)	74.9
(vii)	Al (অ্যালুমিনিয়াম)	27	(xx)	Ag (সিলভার)	108
(viii)	P (ফসফরাস)	31	(xxi)	Ba (বেরিয়াম)	137
(ix)	S (সালফার)	32	(xxii)	Hg (মারকারী)	200
(x)	Cl (ক্লোরিন)	35.5	(xxiii)	Pb (লেড)	207
(xi)	K (পটাসিয়াম)	39.1	(xxiv)	Au (স্বর্ণ)	197
(xii)	Ca (ক্যালসিয়াম)	40	(xxv)	I (আয়োডিন)	127
(xiii)	Cr (ক্রোমিয়াম)	52	(xxvi)	Br (ব্রোমিন)	80

➤ যৌগে কোন মৌলের শতকরা সংযুক্তি = $\frac{\text{যার সংযুক্তি বের করবো তার ভর}}{\text{মোট যৌগের ভর}} \times 100\%$

➤ আণবিক সংকেত = (স্থূল সংকেত)_n; এখানে, $n = \frac{\text{আণবিক ভর}}{\text{স্থূল সংকেতের ভর}}$

প্রয়োজনীয় সূত্রসমূহ:

(i) এক মোল অণু = এক গ্রাম আণবিক ভর = 6.022×10^{23} টি অণু

(ii) পদার্থের একটি অণুর ভর = $\frac{\text{গ্রাম আণবিক ভর}}{6.022 \times 10^{23}}$ g

(iii) এক গ্রাম পদার্থের সংখ্যা = $\frac{6.022 \times 10^{23}}{\text{পদার্থের গ্রাম আণবিক ভর}}$ টি

(iv) এক গ্রাম গ্যাসের আয়তন (S.T.P) তে = $\frac{22.4}{\text{গ্যাসের গ্রাম আণবিক ভর}}$ L

(v) গ্যাসের একটি অণুর দখলকৃত আয়তন (S.T.P) তে = $\frac{22.4}{6.022 \times 10^{23}}$ L

(vi) প্রমাণ অবস্থায় 1 L গ্যাসে অণুর সংখ্যা = $\frac{6.022 \times 10^{23}}{22.4}$

(vii) মৌলের একটি পরমাণুর ভর = $\frac{\text{গ্রাম পারমাণবিক ভর}}{6.022 \times 10^{23}}$ g

(viii) মোল সংখ্যা n হলে, $n = \frac{W}{M} = \frac{N}{N_A} = \frac{PV}{RT} = V(L) \times S = \frac{V_{STP(L)}}{22.4} = \frac{V_{SATP(L)}}{24.789} = \frac{V_{NTP(L)}}{24.04}$

এখানে, (L) এর অর্থ হল একক অবশ্যই লিটারে হতে হবে।

N = অণু/পরমাণুর সংখ্যা, S = ঘনমাত্রা, N_A = অ্যাভোগাড্রোর সংখ্যা।

MCQ

01. একটি কার্বন-12 পরমাণুর ভর প্রায় কত গ্রাম? [RU'23-24][Ans: c]
 (a) 1.66×10^{-14} (b) 6.02×10^{-23} (c) 1.99×10^{-23} (d) 1.99×10^{-24}
 সমাধান: 1টি পরমাণুর ভর = $\frac{12}{6.023 \times 10^{23}} \text{ g} = 1.99 \times 10^{-23} \text{ g}$
02. নিচের কোনটিতে সর্বোচ্চ সংখ্যক পরমাণু রয়েছে? [CU'23-24][Ans: a]
 (a) 1.0 g of Propane (b) 1.0 g of Nitrogen (c) 1.0 g of Water (d) 1.0 g of Silver
 সমাধান: পরমাণু সংখ্যা, $N = \frac{W}{M} \times N_A \times x$ (x হলো প্রতিটি অণুতে পরমাণু কতটি)।
 8টি অপশনের জন্যই w ও N_A এর মান সমান। তাই $\frac{x}{M}$ এর মান যার ক্ষেত্রে বড় তার পরমাণু সংখ্যা বেশি হবে।
 Propane (C_3H_8) এর $\frac{x}{M} = \frac{11}{44} = 0.25$ Nitrogen (N_2) এর $\frac{x}{M} = \frac{2}{28} = 0.071$
 Water (H_2O) এর $\frac{x}{M} = \frac{3}{18} = 0.167$ Silver (Ag) এর $\frac{x}{M} = \frac{1}{107.87} = 9.27 \times 10^{-3}$
 তাই Propane এর পরমাণু সংখ্যা বেশি।
03. STP-তে কোন গ্যাসের 1L এ বিদ্যমান অণুসংখ্যা কত? (গ্যাসের আণবিক ভর 32) [CU'23-24][Ans: d]
 (a) 0.2689×10^{22} (b) 2.689×10^{23} (c) 6.023×10^{23} (d) 2.689×10^{22}
 সমাধান: $N = \frac{V}{22.4} \times N_A = \frac{1}{22.4} \times 6.023 \times 10^{23} = 2.689 \times 10^{22}$
04. STP-তে 1 mL গ্যাসে সম্ভাব্য অণু সংখ্যা কত? [RU'22-23][Ans: c]
 (a) 3.7×10^{19} (b) 2.7×10^{18} (c) 2.7×10^{19} (d) 3.7×10^{18}
 সমাধান: $N = \frac{1}{22400} \times N_A = \frac{6.023 \times 10^{23}}{22400} = 2.7 \times 10^{19}$
05. 250 mL 40 mM Na_2CO_3 দ্রবণে কত g Na_2CO_3 আছে? [RU'22-23][Ans: d]
 (a) 26.5 (b) 10.6 (c) 8.6 (d) 1.06
 সমাধান: $W = \frac{CMV}{1000} = \frac{40 \times 10^{-3} \times 106 \times 250}{1000} = 1.06$
06. STP তে কোনো গ্যাসের 1L এ কত মোল গ্যাস থাকে? [CU'22-23, 13-14][Ans: a]
 (a) 0.045 (b) 0.224 (c) 0.45 (d) 2.24
 সমাধান: $n = \frac{1}{22.4} = 0.0449 \approx 0.045$
07. 8.5 g NH_3 তে পরমাণুর মোট সংখ্যা- [CU'21-22][Ans: c]
 (a) 9.03×10^{23} (b) 3.01×10^{23} (c) 1.204×10^{24} (d) 6.02×10^{23}
 সমাধান: $8.5 \text{ g } NH_3 \equiv \frac{8.5}{17} \text{ mole } NH_3$; 1 অণু NH_3 তে মোট 4 টি পরমাণু রয়েছে (3টি H এবং 1টি N)
 $\therefore 0.5 \text{ mole } NH_3$ তে মোট পরমাণুর সংখ্যা = $(0.5 \times 4 \times 6.02 \times 10^{23}) = 1.204 \times 10^{24}$
08. 1.008g H_2 এ অণুর সংখ্যা কত? [GST'21-22][Ans: a]
 (a) 3.0115×10^{23} (b) 6.023×10^{23} (c) 12.046×10^{23} (d) 24.092×10^{23}
 সমাধান: $1 \text{ mol } H_2 \equiv 2.016 \text{ g } H_2 \equiv 6.023 \times 10^{23}$ টি অণু $\therefore 1.008 \text{ g } H_2 \equiv 3.0115 \times 10^{23}$ টি অণু।
09. 10.0 g অক্সিজেনে অণুর সংখ্যা কত? [Agri.'20-21, 19-20][Ans: d]
 (a) 3.76×10^{23} (b) 6.02×10^{23} (c) 9.63×10^{23} (d) 1.88×10^{23}
 সমাধান: অণুর সংখ্যা = $\frac{10}{32} \times 6.02 \times 10^{23} = 1.88 \times 10^{23}$
10. 16 g O_2 এ কতটি অণু আছে? [JU'19-20][Ans: b]
 (a) 3.011×10^{22} (b) 3.011×10^{23} (c) 2.011×10^{23} (d) 2.011×10^{22}
11. 16 g অক্সিজেনে কতটি পরমাণু রয়েছে? [Agri. Gucho'19-20][Ans: a]
 (a) 6.023×10^{23} (b) 3.0115×10^{23} (c) 12.046×10^{23} (d) 1.2046×10^{23}
 সমাধান: $\frac{W}{M} = \frac{X}{N_A} \Rightarrow X = \frac{16}{32} \times 2 \times 6.023 \times 10^{23}$ [\therefore একটি অক্সিজেন অণু দুইটি অক্সিজেন পরমাণু নিয়ে গঠিত]
 $\therefore X = 6.023 \times 10^{23}$
12. প্রমাণ তাপমাত্রা ও চাপে (STP) কোন গ্যাসের 1.0 গ্রাম সবচেয়ে বেশি আয়তন দখল করে? [DU'18-19][Ans: b]
 (a) N_2 (b) H_2 (c) O_2 (d) Ar
 সমাধান: $\frac{W}{M} = \frac{V_L}{22.4}$ এখানে, $V_L \propto \frac{1}{M}$, H_2 এর জন্য $M = 2 \text{ g/mol}$ সবচেয়ে কম, তাই V_L সবচেয়ে বেশি।

[DU'18-19][Ans: a]

13. নিচের কোনটিতে বেশি পরমাণু আছে?

- (a) 1.10 g of hydrogen atoms
(c) 2.0 g of helium atoms

- (b) 14.7 g of chromium atoms
(d) 7.0 g of nitrogen atoms

সমাধান: H পরমাণুর সংখ্যা = $\frac{1.1}{2} \times 6.023 \times 10^{23} \times 2 = 6.63 \times 10^{23}$

(b) Cr পরমাণুর সংখ্যা = $\frac{14.7}{52} \times 6.023 \times 10^{23} = 1.7 \times 10^{23}$ (c) He পরমাণুর সংখ্যা = $\frac{2}{4} \times 6.023 \times 10^{23} = 3.01 \times 10^{23}$

(d) N পরমাণুর সংখ্যা = $\frac{7}{28} \times 6.023 \times 10^{23} \times 2 = 3.01 \times 10^{23}$

[RU'18-19][Ans: a]

14. প্রমাণ অবস্থায় 2.2 g CO₂ গ্যাসের আয়তন কত?

- (a) 1.12 L (b) 2.24 L (c) 1.02 L (d) 11.2 L

সমাধান: $V = \frac{2.2}{44} \times 22.4 = 1.12L$

15. একজন লোক একবার নিঃশ্বাসে 200 mg বাতাস গ্রহণ করে। যদি বাতাসে 20% (ভর) অক্সিজেন ধারণ করে তাহলে লোকটি একবার নিঃশ্বাসে কতগুলো অক্সিজেন অণু গ্রহণ করে?

- (a) 7.528×10^{12} (b) 7.528×10^{20} (c) 18.234×10^{12} (d) 18.234×10^{20}

সমাধান: $\frac{W}{M} = \frac{N}{N_A} = \frac{0.2 \times 200 \times 10^{-3}}{32} = \frac{N}{N_A}$; $N = 1.25 \times 10^{-3} \times 6.022 \times 10^{23} = 7.528 \times 10^{20}$

[KU'18-19][Ans: b]

16. এক ফোঁটা পানিতে বিদ্যমান মোট পরমাণুর সংখ্যা কত? (এক ফোঁটা পানির আয়তন 0.05 cm³, ঘনত্ব 1g/cm³, আণবিক ভর 18 এবং অ্যাজোগাসের সংখ্যা 6×10^{23})

- (a) $\frac{3 \times 0.05}{18}$ (b) $\frac{3 \times 6 \times 10^{23}}{18 \times 0.05}$ (c) $\frac{0.05 \times 6 \times 10^{23}}{18 \times 3}$ (d) $\frac{0.05 \times 3 \times 6 \times 10^{23}}{18}$

সমাধান: $W = \rho V$; $N = \frac{W \times N_A \times 3}{M}$

[CU'17-18][Ans: d]

17. 2.00 গ্রাম H₂O তে কতটি হাইড্রোজেন পরমাণু আছে?

- (a) 1.3384×10^{23} টি (b) 6.669×10^{22} টি (c) 1.3384×10^{22} টি (d) 6.023×10^{33} টি

সমাধান: $N = \frac{2}{18} \times 6.023 \times 10^{23} \times 2 = 1.338 \times 10^{23}$ টি

[JU'16-17][Ans: a]

18. 2.2 গ্রাম CO₂ গ্যাসের অণু সংখ্যা কত?

- (a) 2.5×10^{18} (b) 3.01×10^{22} (c) 3.5×10^{20} (d) 2.5×10^{22}

সমাধান: $\frac{W}{M} = \frac{N}{N_A} \Rightarrow N = \frac{W}{M} \times N_A = \frac{2.2}{44} \times 6.023 \times 10^{23} = 3.01 \times 10^{22}$

[CU'16-17][Ans: b]

19. প্রমাণ তাপমাত্রা ও চাপে 1ml নাইট্রোজেন গ্যাসে কয়টি অণু বিদ্যমান?

- (a) 6.022×10^{23} টি (b) 3.011×10^{23} টি (c) 15.022×10^{27} টি (d) 2.6875×10^{19} টি

সমাধান: প্রমাণ তাপমাত্রা ও চাপে, 22400 mL N₂ গ্যাসে থাকে 6.023×10^{23} টি অণু

$\therefore 1 \text{ mL N}_2 \text{ গ্যাসে থাকে } \frac{6.023 \times 10^{23}}{22400} = 2.68 \times 10^{19}$ টি অণু।

[RU'15-16][Ans: d]

20. STP তে একটি অক্সিজেন অণুর ভর কত গ্রাম?

- (a) 2.65×10^{-23} (b) 5.31×10^{-23} (c) 3.72×10^{-23} (d) কোনটিই নয়

সমাধান: $W = \frac{1}{6.023 \times 10^{23}} \times 32 = 5.31 \times 10^{-23} \text{g}$

[JU'15-16][Ans: b]

21. 4.4g CO₂ এ কার্বন পরমাণু সংখ্যা-

- (a) 6.023×10^{23} (b) 6.023×10^{22} (c) 2.24×10^{23} (d) 2.24×10^{22}

সমাধান: 44g CO₂ এ কার্বন পরমাণু সংখ্যা = 6.023×10^{23} $\therefore 1 \text{g CO}_2 \text{ এ কার্বন পরমাণু সংখ্যা} = \frac{6.023 \times 10^{23}}{44}$

$\therefore 4.4 \text{g CO}_2 \text{ এ কার্বন পরমাণু সংখ্যা} = \frac{6.023 \times 10^{23} \times 4.4}{44} = 6.023 \times 10^{22}$

[CU'13-14][Ans: b]

22. H₂SO₄ এর 2.0M বৈশিষ্ট্যের 5.0 লিটার দ্রবণ তৈরি করতে কী পরিমাণ H₂SO₄ এর প্রয়োজন হবে?

- (a) 5.0 মোল (b) 10 মোল (c) 2.5 মোল (d) 20 মোল

সমাধান: $n = SV = (2 \times 5) \text{ মোল} = 10 \text{ মোল}$

[KU'13-14][Ans: b]

Written

01. 0.40 M Na₃PO₄ এর 20 mL এর কত মোল Na⁺ আয়ন আছে?

সমাধান: $n_{\text{Na}_3\text{PO}_4} = VS = (20 \times 10^{-3} \times 0.40) \text{mol} = 8 \times 10^{-3} \text{mol}$







$\therefore \text{Na}_3\text{PO}_4 \rightarrow 3\text{Na}^+ + \text{PO}_4^{3-} \therefore \text{Na}^+ \text{ আয়ন আছে} = (8 \times 10^{-3} \times 3) \text{mol} = 24 \times 10^{-3} \text{mol}$

[RU'19-20]

Type-02: সমীকরণ বিষয়ক গণনা

Concept

• এক নজরে অধ্যায়ের গুরুত্বপূর্ণ বিক্রিয়াসমূহ:




MCQ

01. 2.5 গ্রাম CaCO_3 থেকে NTP-তে কী পরিমাণ CO_2 উৎপন্ন হবে?

- (a) 22.4 L (b) 0.56 L (c) 5.6 L (d) 11.2 L

[DU'23-24][Ans: b]



$$\frac{w}{M} = \frac{V}{22.4} \Rightarrow \frac{2.5}{10 \times 100} = \frac{V}{22.4} \Rightarrow V = 0.56 \text{ L}$$

[NTP এর ক্ষেত্রে আয়তন]


$$\frac{V}{24.04} = \frac{2.5}{100} \Rightarrow V = \frac{2.5}{100} \times 24.04 = 0.601 \text{ L, হওয়া উচিত।}$$

02. $\text{Fe(s)} + \text{H}_2\text{SO}_4(\text{l}) = \text{FeSO}_4(\text{l}) + \text{H}_2(\text{g})$ সমীকরণ অনুযায়ী 27°C তাপমাত্রায় 1.0 atm চাপে 200 L হাইড্রোজেন গ্যাস

প্রস্তুত করতে কী পরিমাণ লোহার প্রয়োজন হবে? [Fe = 56, S = 32]

- (a) 4.52 g (b) 4.55 kg (c) 452 g (d) 455 g

[GST'23-24][Ans: d]



1 মোল Fe \equiv 1 মোল H_2


$$\text{H}_2 \text{ এর মোলসংখ্যা} = \frac{PV}{RT} = \frac{1 \times 200}{0.0821 (273+27)} = 8.12 \text{ মোল}$$

$$\therefore \text{Fe এর পরিমাণ} = (56 \times 8.12) \text{g} = 454.75 \text{g} \approx 455 \text{g}$$

03. 100 g চূনাপাথরকে তাপে সম্পূর্ণরূপে বিয়োজিত করলে কী পরিমাণ চূন পাওয়া যাবে?

- (a) 28 g (b) 56 g (c) 44 g (d) 100 g


[RU'23-24][Ans: b]



04. 1 mol গ্লুকোজ জারিত করতে STP-তে কত লিটার O_2 প্রয়োজন?

- (a) 130.0 (b) 134.4 (c) 140.4 (d) 22.4

[RU'23-24][Ans: b]




1 mol গ্লুকোজ জারিত করতে 6 mol = $6 \times 22.4 \text{L}$ (STP) = 134.4L অক্সিজেন প্রয়োজন।

05. নরমাল চাপে 84 g KNO_3 কে উত্তপ্ত করলে কত L O_2 উৎপন্ন হবে?

- (a) 9.314 (b) 3.914 (c) 1.934 (d) 2.93

[RU'22-23][Ans: a]




$$202 \text{g } \text{KNO}_3 \text{ থেকে } \text{O}_2 \text{ উৎপন্ন হয় } 22.4 \text{L} \therefore 84 \text{g } \text{KNO}_3 \text{ থেকে } \text{O}_2 \text{ উৎপন্ন হয় } \left(\frac{22.4}{202} \times 84\right) \text{L} = 9.314 \text{ L}$$

06. প্রমাণ অবস্থায় 1 kg CaCO_3 লঘু HCl এ দ্রবীভূত করলে কত L CO_2 গ্যাস পাওয়া যায়?


- (a) 22.4 (b) 224 (c) 10 (d) 2240

[RU'21-22][Ans: b]




$$100 \text{g } \text{CaCO}_3 \rightarrow 22.4 \text{ L } \text{CO}_2 \therefore 1000 \text{g } \text{CaCO}_3 \rightarrow \frac{22.4 \times 1000}{100} = 224 \text{ L}$$

07. 10 g বিশুদ্ধ CaCO_3 কে উত্তপ্ত করলে STP তে কত লিটার CO_2 গ্যাস উৎপন্ন হবে? [Agri.'21-22][Ans: b]
 (a) 0.224 (b) 2.24 (c) 22.4 (d) 224.0



1 mol বা 100 g 22.4 L


$\therefore 10 \text{ g} \rightarrow 22.4 \times \frac{10}{100} = 2.24 \text{ L}$




100 g \rightarrow 1 mole CaCO_3 থেকে উৎপন্ন হয় 22.4 L CO_2

10 g CaCO_3 থেকে উৎপন্ন হয় $\frac{22.4}{100} \times 10 \text{ L } \text{CO}_2 = 2.24 \text{ L}$

08. MnO_2 এর উপস্থিতিতে KClO_3 কে উত্তপ্ত করলে অক্সিজেন উৎপন্ন হয়। উৎপাদিত অক্সিজেনের পরিমাণ 96 g হলে এ বিক্রিয়ায় উৎপাদিত KCl (M = 74.6) এর পরিমাণ কত g? [GST'20-21][Ans: d]
 (a) 74.6 (b) 223.8 (c) 37.3 (d) 149.2




09. লিথিয়াম হাইড্রোজেন কার্বনেট LiHCO_3 কে তাপ দিলে তা ভেঙ্গে Li_2O , CO_2 এবং H_2O গঠন করে। 0.5 mol LiHCO_3 কে তাপ দিলে কত mol H_2O গঠিত হয়? [RU'20-21][Ans: a]
 (a) 0.25 mol (b) 0.5 mol (c) 0.75 mol (d) 1.0 mol




$\therefore 0.5 \text{ mol } \text{LiHCO}_3 = \frac{1}{2} \times 0.5 \text{ mol } \text{H}_2\text{O} = 0.25 \text{ mol } \text{H}_2\text{O}$

10. 50g CaCO_3 এর তাপীয় বিয়োজনে উৎপন্ন CO_2 এর ভর কত? [RU'19-20; JU'19-20][Ans: b]
 (a) 11 g (b) 22 g (c) 44 g (d) 88 g



$\therefore 100\text{g } \text{CaCO}_3$ এর বিয়োজনে উৎপন্ন $\text{CO}_2 = 44\text{g} \therefore 50\text{g } \text{CaCO}_3$ এর বিয়োজনে উৎপন্ন $\text{CO}_2 = 22\text{g}$

11. 5 গ্রাম KClO_3 সম্পূর্ণ বিয়োজিত হলে প্রমাণ তাপমাত্রা ও চাপে কত mL অক্সিজেন পাওয়া যায়? [KU'19-20][Ans: d]
 (a) 274.3 (b) 457.16 (c) 1275.5 (d) 1371.5




$245.2 \text{ g } \text{KClO}_3 \equiv 3 \times 22.4 \text{ L } \text{O}_2$

$1 \text{ g } \text{KClO}_3 \equiv \frac{3 \times 22.4}{245.2} \text{ L } \text{O}_2 ; 5 \text{ g } \text{KClO}_3 \equiv \left(\frac{3 \times 22.4}{245.2} \times 5 \right) \text{ L } \text{O}_2$


$= 1.37 \text{ L } \text{O}_2 = 1370 \text{ mL } \text{O}_2 \approx 1371.5$

12. 6 গ্রাম কার্বনকে বাতাসে সম্পূর্ণরূপে দহন করতে কতগুলো অক্সিজেন অণু প্রয়োজন হবে? [SUST'19-20][Ans: a]
 (a) 3.01×10^{23} (b) 1.0×10^{23} (c) 5.02×10^{22} (d) 1.88×10^{22} (e) 1.37×10^{22}



$6 \text{ g } \text{C} = \frac{6}{12} \text{ mol } \text{C} = 0.5 \text{ mol } \text{C} \therefore \text{O}_2$ অণু প্রয়োজন $= 6.02 \times 10^{23} \times 0.5 = 3.01 \times 10^{23}$ টি

13. 2.2 g C_3H_8 পূর্ণ দহন করে CO_2 ও H_2O তৈরি করতে কত মোল O_2 প্রয়োজন? [DU'18-19][Ans: c]
 (a) 0.05 (b) 0.15 (c) 0.25 (d) 0.50



$44 \text{ g } \text{C}_3\text{H}_8 \equiv 5 \text{ mole } \text{O}_2 ; 2.2 \text{ g } \text{C}_3\text{H}_8 \equiv \frac{5 \times 2.2}{44} \approx 0.25 \text{ mole } \text{O}_2$

Concept

মোলারিটি ও নরমালিটির মধ্যে সম্পর্ক:

$$N = \frac{W}{EV} \text{ ও } S = \frac{W}{M \times V} \text{ [V; L এককে হবে] } S = \frac{W \times 1000}{M \times V} \text{ [V; mL এককে হবে]}$$

$$\therefore \frac{N}{S} = \frac{M}{E} = \frac{M}{e} \therefore \boxed{N = Se} \therefore \text{নরমালিটি} = \text{মোলারিটি} \times \text{তুল্যসংখ্যা}$$

লঘুকরণ সূত্র: একই পরিমাণ দ্রব থেকে উচ্চ মোলার দ্রবণ থেকে নিম্ন মোলার দ্রবণ তৈরি করার প্রক্রিয়াকে দ্রবণের লঘুকরণ বলে।

দ্রবের মোল সংখ্যা = মোলারিটি \times দ্রবণের আয়তন।

$$\begin{aligned} n_1 &= n_2 \\ S_1 V_1 &= S_2 V_2 \\ S_1 &= 1\text{ম অবস্থায় ঘনমাত্রা} \\ V_1 &= 1\text{ম অবস্থায় আয়তন} \\ S_2 &= \text{পানি যোগ করার পর ঘনমাত্রা} \\ V_2 &= \text{পানি যোগ করার পর আয়তন} \\ \Delta V &= V_2 - V_1 = \text{যোগকৃত পানির আয়তন} \end{aligned}$$

একাধিক দ্রবণ মিশ্রণের ক্ষেত্রে,

$$\begin{aligned} n_{\text{total}} &= n_1 + n_2 + n_3 + \dots \\ S V_{\text{total}} &= S_1 V_1 + S_2 V_2 + S_3 V_3 \\ S(V_1 + V_2 + V_3 + \dots) &= S_1 V_1 + S_2 V_2 + S_3 V_3 + \dots \end{aligned}$$

মোলারিটি, মোলালিটি এবং নরমালিটি:

বিষয়	মোলারিটি	মোলালিটি	নরমালিটি
প্রকাশ	S	m	N
দ্রব	1 mole	1 mole	1 g তুল্য ভর
দ্রবণ / দ্রাবক	1 লিটার দ্রবণ	1000g দ্রাবক অথবা, 1 Kg দ্রাবক	1 লিটার দ্রবণ
একক	molL ⁻¹ বা M	molkg ⁻¹	N (নরমাল)/g eqv L ⁻¹
গাণিতিক সমীকরণ	$S = \frac{n}{V} = \frac{w}{M \times V(L)}$ [M = দ্রবের মোলার ভর, w = দ্রবের ভর]	$m = \frac{w \times 1000}{MW}$ [w = দ্রবের ভর (g); W = দ্রাবকের ভর (g); M = দ্রবের মোলার ভর]	$N = \frac{W}{EV(L)}$ [E = তুল্য ভর W = দ্রবের ভর]
তাপমাত্রার উপর	নির্ভরশীল	নির্ভরশীল নয়	নির্ভরশীল

শতকরা ঘনমাত্রা:

W দ্বারা গ্রাম এককে ভর এবং V দ্বারা mL এককে আয়তন বোঝানো হয় এবং ভগ্নাংশের লব দ্রবের এবং হর দ্রবণের পরিমাণ প্রকাশ করে। শতকরা হারের পরে কিছু বলা না থাকলে রসায়নে সবসময় $\frac{W}{V}$ ধরা হয়। শতকরা পদ্ধতিতে ঘনমাত্রা প্রকাশের প্রমাণ অবস্থা হল: $x\% \left(\frac{W}{V}\right)$ । বন্ধনীর ভিতরে লব দ্বারা দ্রব এবং হর দ্বারা দ্রবণকে প্রকাশ করা হয়।

x% (দ্রব/দ্রবণ) কে মোলার ঘনমাত্রায় প্রকাশের পদ্ধতি:

(i) $x\% \left(\frac{W}{V}\right); S = \frac{10 \times x}{M}$

(ii) $x\% \left(\frac{W}{W}\right); S = \frac{10 \times \rho \times x}{M}$ [ρ = দ্রবণের ঘনত্ব]

(iii) $x\% \left(\frac{V}{V}\right); S = \frac{10 \times \rho' \times x}{M}$ [ρ' = দ্রবের ঘনত্ব]

(iv) $x\% \left(\frac{V}{W}\right); S = \frac{10 \times \rho \times \rho' \times x}{M}$ [ρ = দ্রবণের ঘনত্ব; ρ' = দ্রবের ঘনত্ব]

$\frac{W \rightarrow \text{দ্রব}}{V \rightarrow \text{দ্রবণ}} \rightarrow$ যেখানে পরিবর্তন, সেখানের ρ গুণ হবে।

যেমন: $\frac{W}{W} \rightarrow$ এখানে দ্রবণে পরিবর্তন, তাই দ্রবণের ঘনত্ব গুণ হয়েছে।

- ◆ **Parts per million (ppm):**

$$\text{ঘনমাত্রা (ppm)} = \frac{\text{দ্রবের ভর (mg)}}{\text{দ্রবের আয়তন (L)}} = \text{শতকরা ঘনমাত্রা} \left(\frac{W}{V}\right) \times 10^6$$

দ্রবের ভরের সাপেক্ষেও ppm এ ঘনমাত্রা নির্ণয় করা হয়।

$$\text{ঘনমাত্রা (ppm)} = \frac{\text{দ্রবের ভর (mg)}}{\text{দ্রবের ভর (kg)}} = \text{শতকরা ঘনমাত্রা} \left(\frac{W}{W}\right) \times 10^6$$

$$\text{ppm} = 1000 \times M \times S$$

S = মোলারিটি
M = আণবিক ভর

- ◆ **Parts per billion (ppb):**

$$\text{ঘনমাত্রা (ppb)} = 1000 \times \text{ঘনমাত্রা (ppm)} = 10^6 \times M \times S$$
- ◆ **Parts per trillion (ppt):**

$$\text{ঘনমাত্রা (ppt)} = 1000 \times \text{ppb} = 10^6 \times \text{ppm} = 10^9 \times M \times S$$

MCQ

01. 100 mL NaOH এর দ্রবণে 0.5 g NaOH আছে। এই দ্রবণের ঘনমাত্রা ppm এককে কত হবে? [DU'23-24][Ans: d]
 (a) 50000 (b) 50 (c) 500 (d) 5000
 সমাধান: $S = \frac{W}{MV_L} = \frac{\frac{1}{2}}{40 \times \frac{100}{1000}}$

$$\text{ppm} = S \times M \times 1000 = \frac{\frac{1}{2}}{40 \times \frac{100}{1000}} \times 40 \times 1000 = 5000 \text{ ppm}$$
02. 5% NaOH দ্রবণের মোলার ঘনমাত্রা কত? [RU'23-24][Ans: a]
 (a) 1.25 (b) 12.50 (c) 5.00 (d) 0.125
 সমাধান: $S = \frac{10x}{M} = \frac{10 \times 5}{40} = \frac{5}{4} = 1.25$
03. 50 mL পানির নমুনা বিশ্লেষণ করে 5 mg Fe পাওয়া গেল। ppm এ Fe এর ঘনমাত্রা কত? [RU'23-24][Ans: d]
 (a) 200 (b) 300 (c) 150 (d) 100
04. এক মোলার দ্রবণে 0.3 মোল দ্রব দ্রবীভূত থাকলে দ্রাবকের পরিমাণ- [RU'23-24][Ans: c]
 (a) 1000 g (b) 300 mL (c) 300 g (d) 100 mL
05. 50 ppm ঘনমাত্রার 100 mL দ্রবণে কী পরিমাণ দ্রব থাকে? [RU'23-24][Ans: d]
 (a) 500 μ g (b) 5 g (c) 0.5 mg (d) 5 mg
41. MnO_4^- আয়নকে ethandioate ion দিয়ে বিজারিত করলে Mn এর জারণ মান হলো- (a) 7+ (b) 4+ (c) 2+ (d) 3+ [DU'17-18][Ans: c]
সমাধান: $\text{MnO}_4^- + \text{C}_2\text{O}_4^{2-} + \text{H}^+ \rightarrow \text{Mn}^{2+} + \text{H}_2\text{O} + \text{CO}_2$
42. $\text{KMnO}_4 + \text{H}_2\text{SO}_3 \rightarrow \text{MnSO}_4 + \text{K}_2\text{SO}_4 + \text{H}_2\text{SO}_4$ এই বিক্রিয়ায় কোন অণুর কোন পরমাণু বিজারক? (a) KMnO_4 এর Mn (b) H_2O এর O (c) H_2SO_3 এর S (d) MnSO_4 এর S [RU'17-18][Ans: c]
সমাধান: বিজারকের জারণ মান বৃদ্ধি পায়। $2\text{KMnO}_4 + 5\text{H}_2\text{SO}_3 \rightarrow 2\text{H}_2\text{SO}_4 + 2\text{MnSO}_4 + \text{K}_2\text{SO}_4 + 3\text{H}_2\text{O}$
43. অবস্থাভেদে জারক ও বিজারক হতে পারে না কোনটি? (a) O_3 (b) O_2 (c) SO_2 (d) H_2O_2 [RU'17-18][Ans: b]
সমাধান: $\text{O}_2 + 4e^- \rightarrow 2\text{O}^{2-}$; অক্সিজেন সর্বদা ইলেকট্রন গ্রহণ করে বিজারণ বিক্রিয়া দেয়, তাই তা শুধু জারক হিসেবে কাজ করে।
44. কোন যৌগে P এর জারণ মান ঋণাত্মক হয়? (a) P_2O_4 (b) P_2O_5 (c) H_3PO_2 (d) Ca_3P_2 [RU'17-18][Ans: d]
সমাধান: $(+2) \times 3 + x \times 2 = 0 \Rightarrow x = -3$
45. VO^{2+} এবং VO_2^+ এ ভ্যানাডিয়াম এর জারণ সংখ্যা যথাক্রমে— (a) +4, +5 (b) +2, +1 (c) +5, +5 (d) কোনটিই নয় [JnU'17-18][Ans: a]
সমাধান: VO^{2+} এ, $x - 2 = 2 \therefore x = +4$; VO_2^+ এ, $x - 2 \times 2 = +1 \therefore x = +5$
46. কোনটি জারণ-বিজারণ বিক্রিয়া নয়? (a) $2\text{Cu}(\text{NO}_3)_2 \rightarrow 2\text{CuO} + 4\text{NO}_2 + \text{O}_2$ (b) $2\text{Na} + \text{Cl}_2 \rightarrow 2\text{NaCl}$ (c) $\text{Na}_2\text{SO}_3 + 2\text{HCl} \rightarrow 2\text{NaCl} + \text{SO}_2 + \text{H}_2\text{O}$ (d) $\text{Mg} + \text{H}_2\text{SO}_4 \rightarrow \text{MgSO}_4 + \text{H}_2$ [CU'17-18][Ans: c]
47. যৌগের আধানবিহীন অণুতে উপস্থিত পরমাণুর জারণ সংখ্যার যোগফল কত? (a) 0 (b) 1 (c) -1 (d) আয়নের চার্জের সমান [KU'17-18][Ans: a]

48. কোন বিক্রিয়াটি জারণ-বিজারণ নয়?



[JU'16-17][Ans: b]

49. $MnO_4^- + nH^+ + me^- \rightarrow Mn^{2+} + 4H_2O$ অর্ধ বিক্রিয়ায়-

(i) $n = 8$

(ii) $m = 6$

(iii) এটি বিজারণ অর্ধ-বিক্রিয়া

নিচের কোনটি সঠিক?

(a) i, ii

(b) i, iii

(c) ii, iii

(d) i, ii, iii

সমাধান: $MnO_4^- + 8H^+ + 5e^- \rightarrow Mn^{2+} + 4H_2O$ (বিজারণ); তাই, $m = 5, n = 8$

50. $2KMnO_4 + 8H_2SO_4 + 10FeSO_4 \rightarrow K_2SO_4 + 2MnSO_4 + 8H_2O + 5Fe_2(SO_4)_3$ বিক্রিয়াটি মোট কতটি ইলেকট্রন আদান প্রদান ঘটে?

(a) 5 টি

(b) 8 টি

(c) 10 টি

(d) 15 টি

সমাধান: এক মোল $KMnO_4$ পাঁচটি ইলেকট্রন গ্রহণ করে। $\therefore 2 \text{ mol } 10 \text{ টি}$ গ্রহণ করে।

[JU'16-17][Ans: c]

51. নিম্নের বিক্রিয়াটির ক্ষেত্রে কোনটি সত্য? $SnCl_2 + 2FeCl_3 \rightarrow SnCl_4 + 2FeCl_2$

(a) Sn is oxidized

(b) Cl is oxidized

(c) Fe is oxidized

(d) Cl is reduced

সমাধান: $SnCl_2 + 2FeCl_3 \rightarrow SnCl_4 + 2FeCl_2$; Sn এর জারণ সংখ্যা বেড়েছে। অর্থাৎ Sn এর জারণ ঘটেছে।

[DU'15-16][Ans: a]

52. $Na_2S_2O_3$ জারিত হয়ে $Na_2S_4O_6$ এ রূপান্তরিত হয়। প্রথমটির 1 টি সালফার কতটি ইলেকট্রন ত্যাগ করবে? [RU'15-16][Ans: c]

(a) 0.5 টি

(b) 0.25 টি

(c) 1 টি

(d) 2 টি

সমাধান: 2 টি S এর প্রথমটি 1টি ইলেকট্রন ত্যাগ করে। অপরটি কোন ইলেকট্রন ত্যাগ বা গ্রহণ করে না।

53. পারক্লোরিক এসিড অণুতে Cl পরমাণুর জারণ অবস্থা হল-

(a) +4

(b) +6

(c) +7

(d) -1

সমাধান: পারক্লোরিক এসিড হচ্ছে $HClO_4$ । যেখানে, Cl এর জারণ মান = +7

[RU'15-16][Ans: c]

54. বিজারক-এর বৈশিষ্ট্য কোনটি?

(a) জারণ ঘটায়

(b) নিজে বিজারিত হয়

(c) নিজে জারিত হয়

(d) ইলেকট্রন লাভ করে

[JU'15-16][Ans: c]

55. $K_4[Fe(CN)_6]$ জটিল যৌগে Fe এর জারণ সংখ্যা (oxidation number) কত?

(a) +4

(b) +3

(c) +2

(d) None


সমাধান: $K_4[Fe(CN)_6]$

$\downarrow \downarrow \downarrow$

জারণ মান: $(+1)(x)(-1) \therefore 4 \times 1 + 1 \times x + 6 \times (-1) = 0 \Rightarrow x = 2$

[JnU'15-16] [Ans: c]

56. নিম্নের সমতাকৃত বিক্রিয়ার সহগগুলোর মান হলো-



(a) $a = 2, b = 3, c = 3$ and $d = 3$

(b) $a = 4, b = 7, c = 4$ and $d = 4$





(c) $a = 4, b = 5, c = 4$ and $d = 6$

(d) $a = 6, b = 7, c = 6$ and $d = 9$

সমাধান: $4NH_3 + 5O_2 \rightarrow 4NO + 6H_2O$ [Tricks \rightarrow option test]

[DU'14-15][Ans: c]

57. বেরিয়াম ক্লোরাইডের জলীয় দ্রবণে পাতলা জলীয় সালফিউরিক এসিড দ্রবণে যোগ করলে সাদা অধঃক্ষেপ তৈরি হয় এ বিক্রিয়ার আয়নিক সমীকরণটি (অবস্থার সংকেতসহ) হলো-



[DU'14-15][Ans: d]



(a) 0 থেকে -1 (b) 0 থেকে +7 (c) +2 থেকে +7 (d) +4 থেকে +7 [CU'14-15][Ans: d]

সমাধান: $MnO_2 \rightarrow Mn = +4$

$MnO_4 \rightarrow Mn = +7$

59. অণীয় মাধ্যমে বিজারক থেকে একটি $K_2Cr_2O_7$ অণু কয়টি ইলেকট্রন গ্রহণ করে? [RU'14-15][Ans: b]

(a) 5 টি (b) 6 টি (c) 3 টি (d) 1 টি

60. কোন যৌগে P এর জারণ ঋণাত্মক সংখ্যা? [RU'14-15][Ans: c]

(a) P_2O_4 (b) P_2O_5 (c) Ca_3P_2 (d) H_3PO_2

সমাধান: Ca_3P_2 যৌগটিতে P এর জারণ সংখ্যা -3

61. কোনটিতে ফসফরাসের জারণ সংখ্যা সর্বাধিক? [JU'14-15][Ans: a, b]

(a) HPO_3 (b) H_3PO_4 (c) H_3PO_3 (d) H_3PO_2

62. N এর সর্বোচ্চ জারণ অবস্থা নিম্নের কোনটিতে? [JU'14-15][Ans: a]

(a) N_2O_5 (b) NH_4^+ (c) NO_2 (d) NO_2^-

63. কোনটিতে ক্লোরিনের জারণ সংখ্যা সর্বাধিক? [JU'14-15][Ans: d]

(a) $HClO$ (b) $HClO_2$ (c) $HClO_3$ (d) $HClO_4$

64. কোনটিতে সালফারের জারণ সংখ্যা সর্বাধিক? [JU'14-15][Ans: d]

(a) H_2S (b) H_2SO_3 (c) H_2SO_4 (d) $H_2S_2O_8$

সমাধান: [+7]

65. $SnCl_2 + 2FeCl_3 = 2FeCl_2 + SnCl_4$ বিক্রিয়াটিতে জারক হলো- [KU'14-15][Ans: c]

(a) $SnCl_2$ (b) Fe^{+2} (c) $FeCl_3$ (d) Sn^{+2}

66. $S_2O_3^{2-}$ এবং $S_4O_6^{2-}$ এ সালফারের জারণ সংখ্যা হল- [DU'13-14][Ans: b]

(a) -2 and -2.5 (b) +2 and +2.5 (c) +4 and +6 (d) +2 and -2

সমাধান: $S_2O_3^{2-}$ এ $S_4O_6^{2-}$
 $2x + (-2) \times 3 = -2$ $4x + (-2) \times 6 = -2$
 $\therefore x = \frac{4}{2} = 2$ $\therefore x = \frac{10}{4} = +2.5$

67. $H_2SO_4 + K_2Cr_2O_7 + KI$ এর বিক্রিয়ায় প্রধান উৎপাদটি হল- [CU'13-14][Ans: b]

(a) K_2SO_4 (b) $Cr_2(SO_4)_3$ (c) I_2 (d) CrI_3

Written

01. আয়ন ইলেকট্রন পদ্ধতিতে নিম্নের সমীকরণটি সমতা বিধান কর: [RU'19-20]

$Mn^{2+} + PbO_2 + H^+ \rightarrow MnO_4^- + H_2O + Pb^{2+}$
 সমাধান: জারণ অর্ধবিক্রিয়া: $Mn^{2+} + 4H_2O \rightarrow MnO_4^- + 8H^+ + 5e^- \dots \dots \dots (i)$

বিজারণ অর্ধবিক্রিয়া: $PbO_2 + 4H^+ + 2e^- \rightarrow Pb^{2+} + 2H_2O \dots \dots \dots (ii)$
 $(i) \times 2 + (ii) \times 5 \Rightarrow 2Mn^{2+} + 5PbO_2 + 4H^+ \rightarrow 5Pb^{2+} + 2MnO_4^- + 2H_2O$

02. আয়ন ইলেকট্রন পদ্ধতিতে নিচের বিক্রিয়াটির সমতা বিধান কর: [RU'19-20]

$Cr_2O_7^{2-} + I^- + H^+ \rightarrow Cr^{3+} + I_2 + H_2O$
 সমাধান: বিজারণ: $Cr_2O_7^{2-} + 6e^- + 14H^+ \rightarrow 2Cr^{3+} + 7H_2O \dots \dots \dots (i)$

জারণ: $6I^- - 6e^- \rightarrow 3I_2 \dots \dots \dots (ii)$
 $(i) + (ii) \Rightarrow Cr_2O_7^{2-} + 6I^- + 14H^+ \rightarrow 2Cr^{3+} + 3I_2 + 7H_2O$

কমপক্ষে ২য় পত্র

অধ্যায় 08

তড়িৎ রসায়ন


➤ ভার্শিটি ভর্তি পরীক্ষার জন্য এই অধ্যায়ের গুরুত্বপূর্ণ টাইপসমূহ:

গুরুত্ব	টাইপ	বিষয়বস্তু	যতবার এসেছে		যেসব ভর্তি পরীক্ষায় প্রশ্ন এসেছে	
			MCQ	Written	MCQ	Written
***	T-01	তড়িৎ বিশ্লেষের পরিবাহিতা	11	-	RU'23-24, 14-15; JU'23-24, 21-22, 19-20, 18-19, 16-17; Agri.'20-21	-
**	T-02	তড়িৎ বিশ্লেষণ কোষ	09	-	DU'20-21, 15-16; RU'17-18; JU'22-23; CU'22-23, 13-14	-
***	T-03	ফ্যারাডের সূত্র	31	-	DU'23-24, 18-19, 17-18, 14-15, 13-14, 06-07; GST'23-24, 22-23, 20-21; SUST'19-20; RU'21-22, 20-21, 19-20, 18-19, 17-18, 07-08; JU'23-24, 22-23, 21-22, 19-20, 18-19, 16-17, 15-16; CU'14-15, 17-18, KU'02-03; Agri.'21-22	-
***	T-04	তড়িৎ রাসায়নিক কোষ	20	01	DU'21-22, 19-20, 17-18, 15-16; GST'21-22; RU'23-24, 21-22, 19-20, 17-18; JU'19-20; CU'22-23, 16-17, 09-10, 08-09, 03-04; KU'18-19, 17-18, 13-14	DU'23-24
***	T-05	তড়িৎদ্বার বিভব, কোষ বিভব, গিবসের মুক্ত শক্তি ও কোষ বিভবের সম্পর্ক	16	01	DU'22-23, 20-21, 13-14; GST'23-24, 22-23; RU'17-18, 15-16; JU'23-24, 21-22, 17-18, 11-12; JnU'15-16, 10-11; KU'14-15	DU'20-21
**	T-06	নার্নস্ট সমীকরণ	03	-	DU'18-19, 07-08; KU'13-14	-

Type-01: তড়িৎ বিশ্লেষ্যের পরিবাহিতা

Concept

- তড়িৎ পরিবাহী ও এর প্রকারভেদ:



জেনে রাখো

- ধাতব বন্ধনে আবদ্ধ ধাতুর কেলাস জালির (crystal lattice) মধ্যে থাকা মুক্ত ইলেকট্রনগুলো তড়িৎ পরিবহন করে থাকে।
- কঠিন আয়নিক যৌগের কেলাস জালিতে ধনাত্মক ও ঋণাত্মক আয়ন আবদ্ধ থাকে; এদের কোনো মুক্ত ইলেকট্রন থাকে না। তাই কঠিন আয়নিক যৌগ তড়িৎ পরিবহন করতে পারে না। কঠিন আয়নিক যৌগ তড়িৎ অপরিবাহী।
- দ্রবণে বা গলিত অবস্থায় আয়নিক যৌগের ধনাত্মক আয়ন ও ঋণাত্মক আয়নগুলো কেলাস জালি থেকে মুক্ত হয়ে সচল হয়। তখন বিপরীতধর্মী আয়নগুলো তড়িৎ পরিবহন করতে পারে। এ অবস্থায় আয়নগুলোর মধ্যে তড়িৎ শক্তির প্রভাবে জারণ বিজারণ ঘটে। তাই আয়নিক যৌগের জলীয় দ্রবণ ও গলিত অবস্থায় তড়িৎ পরিবহন করাকে তড়িৎ বিশ্লেষণ বলে এবং ঐ রূপ পরিবাহীকে তড়িৎ বিশ্লেষ্য পরিবাহী বলে।
- গ্রাফাইট হলো কার্বনের একটি রূপভেদ। এটিতে sp² সংকরিত কার্বন পরমাণুগুলোর একটি করে মুক্ত ইলেকট্রন থাকে। তাই গ্রাফাইট তড়িৎ পরিবাহী হয় (গ্রাফাইট একমাত্র অধাতব পরিবাহী)।
- ব্যতিক্রম: পারদ (Hg) তরল ধাতু হলেও তড়িৎ পরিবাহী।



- ধাতুর সক্রিয়তা সিরিজ:

লি	কে	বা	কা	নার	ম্যাজিক	এলে	ম	যেন	ফিরে	কে	কে	নীল	সোনা	পাবে
Li	K	Ba	Ca	Na	Mg	Al	Mn	Zn	Fe	Cd	Co	Ni	Sn	Pb
হয়	কোথাকার	হাজী	আজি	পিটাবে	আমায়									
H	Cu	Hg	Ag	Pt	Au									


ধাতুর বিজারণ ক্ষমতা বৃদ্ধির ক্রম

Li
K
Ba
Ca
Na
Mg
Al
Mn
Zn
Cr
Fe
Cd
Co
Ni
Sn
Pb
H₂
Cu
Hg
Ag
Au


পানি H₂O(l) থেকে H₂ কে প্রতিস্থাপন করতে পারে



স্টিম H₂O(g) থেকে H₂ কে প্রতিস্থাপন করতে পারে



এসিড (HCl) থেকে H₂ কে প্রতিস্থাপন করতে পারে



• লেড (Pb) থেকে ওপর দিকের ধাতুগুলো H থেকে অধিক সক্রিয়। তাই এরা H₂O ও HCl থেকে H কে প্রতিস্থাপন করতে সক্ষম।

• 'H' এর নিচের ধাতুগুলো H থেকে কম সক্রিয়। তাই এরা H₂O ও HCl থেকে H কে প্রতিস্থাপন করতে পারেনি।

বসায়ন হয় পত্র

MCQ

- নিচের কোনটি মৃদু তড়িৎ বিশ্লেষ্য? [RU'23-24][Ans: b]
(a) HCl (b) HF (c) CuSO₄ (d) C₆H₁₂O₆
- কী কারণে কোন তীব্র তড়িৎ বিশ্লেষ্য দ্রবণের তুল্য পরিবাহিতা ঘনমাত্রা হ্রাসের সাথে বাড়তে থাকে এবং একটি স্থির মানে পৌঁছে? [RU'23-24][Ans: c]
(a) দ্রবণের সান্দ্রতা হ্রাস (b) আয়নের সংখ্যা বৃদ্ধি
(c) আন্তঃআয়ন আকর্ষণ হ্রাস (d) আয়নের চার্জ বৃদ্ধি
- কোন দ্রবণটি তড়িৎ অবিশ্লেষ্য? [JU'23-24][Ans: d]
(a) HCl (b) KOH (c) CH₃COOH (d) C₁₂H₂₂O₁₁
- কোন দ্রবণটি দুর্বল তড়িৎ বিশ্লেষ্য? [JU'23-24][Ans: c]
(a) HCl (b) KCl (c) HF (d) CH₃COCH₃
- চিনি ও গ্লুকোজ হলো- [JU'21-22][Ans: c]
(a) তড়িৎ বিশ্লেষ্য (b) ইলেকট্রনীয় পরিবাহী (c) তড়িৎ অবিশ্লেষ্য (d) অধাতব পরিবাহী
- HCl থেকে H₂ কে প্রতিস্থাপন করতে পারে না কোনটি? [JU'21-22][Ans: d]
(a) Pb (b) Mn (c) Mg (d) Cu


সমাধান: ধাতুসমূহের সক্রিয়তা সিরিজের H₂ এর নিচের ধাতুগুলো HCl থেকে H₂ কে প্রতিস্থাপন করতে পারে না। H₂ এর নিচে Cu এর অবস্থান। তাই Cu, HCl থেকে H₂ কে প্রতিস্থাপন করতে পারে না।

07. কোনটি তীব্র তড়িৎবিশ্লেষ্য?
 (a) KOH (b) HF (c) $C_{12}H_{22}O_{11}$ (d) C_2H_5OH [JU'19-20][Ans: d]
08. সেমিকন্ডাক্টররূপে কোন মৌলটি ব্যবহৃত হয়?
 (a) Cu (b) Al (c) Zn (d) Ge [JU'18-19][Ans: d]
- সমাধান: Si, Ge, As অপধাতুসমূহ অর্ধ পরিবাহী হিসেবে কাজ করে।
09. নিম্নের কোনটি পানিতে যোগ করলে উৎপন্ন দ্রবণটি বিদ্যুৎ সুপরিবাহী হবে?
 (a) $CaCO_3$ (b) Cu (c) C_2H_5OH (d) NaOH [JU'16-17][Ans: a]
10. তড়িৎ বিশ্লেষ্য পরিবাহীতে কীভাবে তড়িৎ প্রবাহিত হয়?
 (a) আয়ন চলাচলের মাধ্যমে (b) ইলেকট্রন চলাচলের মাধ্যমে
 (c) আয়ন ও ইলেকট্রন উভয়ের মাধ্যমে (d) তরঙ্গের মাধ্যমে [RU'14-15][Ans: b]
11. বিদ্যুৎ পরিবাহী একমাত্র অধাতু হল-
 (a) $C_{(diamond)}$ (b) $C_{(graphite)}$ (c) $P_{(red)}$ (d) S

Type-02: তড়িৎ বিশ্লেষণ কোষ

Concept

- তড়িৎ বিশ্লেষণ:
কোনো রাসায়নিক পদার্থের মধ্য দিয়ে তড়িৎ পরিবহন করলে ঐ পদার্থের যে রাসায়নিক পরিবর্তন ঘটে তাকে তড়িৎ বিশ্লেষণ বলে এবং ঐ পদার্থকে তড়িৎ বিশ্লেষ্য পদার্থ বলে। তড়িৎ বিশ্লেষ্য কোষে বিদ্যুৎ শক্তি রাসায়নিক শক্তিতে রূপান্তরিত হয়।
- তড়িৎ বিশ্লেষণ কোষ:
তড়িৎ বিশ্লেষণ কোষে তড়িৎ শক্তি রাসায়নিক শক্তিতে পরিণত হয়।
- ভোল্টমিটার:
তড়িৎ বিশ্লেষণ যে পাত্রে করা হয় তাকে ভোল্টমিটার বলে (ভোল্টমিটার নয় কিন্তু! এটা ভোল্টমিটার)। নিচে একটি সাধারণ ভোল্টমিটারের চিত্র দেয়া হলো-এখানে, তড়িৎ বিশ্লেষ্য পদার্থ হলো PQ। $PQ \xrightarrow{H_2O} P^+ + Q^-$



[তড়িৎ বিশ্লেষ্য কোষে, Anode (+ve) এবং Cathode (-ve); তড়িৎ রাসায়নিক কোষে, Anode (-ve) এবং Cathode (+ve)]

অ্যানোডে অ্যানায়ন আকৃষ্ট হয়। ক্যাথোডে ক্যাটায়ন আকৃষ্ট হয়।

অ্যানোডে জারণ ঘটে, ক্যাথোডে বিজারণ ঘটে। অর্থাৎ, তড়িৎ বিশ্লেষণের সমগ্র প্রক্রিয়াটি একটি জারণ-বিজারণ প্রক্রিয়া।



বিভিন্ন তড়িৎ বিশ্লেষ্য পদার্থের তড়িৎ বিশ্লেষণে প্রাপ্ত উৎপাদ:

তড়িৎবিশ্লেষ্য	ক্যাথোড		অ্যানোড	
	উৎপাদ	বিক্রিয়া	উৎপাদ	বিক্রিয়া
NaCl (গলিত)	Na	$\text{Na}^+ + e^- \rightarrow \text{Na}$	Cl_2	$\text{Cl}^- - e^- \rightarrow \frac{1}{2} \text{Cl}_2$
PbCl ₂ (গলিত)	Pb	$\text{Pb}^{2+} + 2e^- \rightarrow \text{Pb}$	Cl_2	$2\text{Cl}^- - 2e^- \rightarrow \text{Cl}_2$
NaCl (aq)	H ₂	$2\text{H}^+ + 2e^- \rightarrow \text{H}_2$	Cl_2	$\text{Cl}^- - e^- \rightarrow \frac{1}{2} \text{Cl}_2$
KI(aq)	H ₂	$2\text{H}^+ + 2e^- \rightarrow \text{H}_2$	I ₂	$2\text{I}^- - 2e^- \rightarrow \text{I}_2$
MgBr ₂ (aq)	H ₂	$2\text{H}^+ + 2e^- \rightarrow \text{H}_2$	Br ₂	$2\text{Br}^- - 2e^- \rightarrow \text{Br}_2$
H ₂ SO ₄ (aq)	H ₂	$2\text{H}^+ + 2e^- \rightarrow \text{H}_2$	O ₂	$4\text{OH}^- \rightarrow 2\text{H}_2\text{O} + \text{O}_2$
KNO ₃ (aq)	H ₂	$2\text{H}^+ + 2e^- \rightarrow \text{H}_2$	O ₂	$4\text{OH}^- \rightarrow 2\text{H}_2\text{O} + \text{O}_2$
NaOH(aq)	H ₂	$2\text{H}^+ + 2e^- \rightarrow \text{H}_2$	O ₂	$4\text{OH}^- \rightarrow 2\text{H}_2\text{O} + \text{O}_2$
CuSO ₄ (aq)	Cu	$\text{Cu}^{2+} + 2e^- \rightarrow \text{Cu}$	O ₂	$4\text{OH}^- \rightarrow 2\text{H}_2\text{O} + \text{O}_2$

MCQ

01. কোন কোষ তড়িৎ শক্তিকে রাসায়নিক শক্তিতে রূপান্তর করে? [JU'22-23][Ans: a]
 (a) তড়িৎ বিশ্লেষ্য কোষ (b) গ্যালভানিক কোষ (c) জ্বালানি কোষ (d) ডেনিয়েল কোষ
02. নিষ্ক্রিয় ইলেকট্রোডে NaOH এর জলীয় দ্রবণকে তড়িৎ বিশ্লেষণ করলে অ্যানোডে কি উৎপন্ন হয়? [JU'22-23][Ans: a]
 (a) O₂ (b) OH⁻ (c) Na (d) H₂
 সমাধান: $4\text{OH}^- \rightarrow 2\text{H}_2\text{O} + \text{O}_2$
03. NaCl পানিতে দ্রবীভূত হলে উৎপন্ন হয়- [CU'22-23, 13-14; DU'20-21, 15-16][Ans: b]
 (a) NaOH + HCl (b) Na⁺(aq) + Cl⁻(aq)
 (c) NaOCl + H₂ (d) HClO + Na
 সমাধান: NaCl তীব্র তড়িৎ বিশ্লেষ্য। H₂O যোগে সম্পূর্ণরূপে বিয়োজিত হবে।
 $\text{NaCl} + \text{H}_2\text{O} \rightarrow \text{Na}^+(\text{aq}) + \text{Cl}^-(\text{aq})$
04. নিষ্ক্রিয় ইলেকট্রোডে H₂SO₄ এর জলীয় দ্রবণকে তড়িৎ বিশ্লেষণ করলে অ্যানোডে কোনটি উৎপন্ন হয়? [RU'17-18][Ans: c]
 (a) S (b) SO₄ (c) O₂ (d) Mg
 সমাধান: $4\text{OH}^- \rightarrow \text{O}_2 + 2\text{H}_2\text{O} + 4e^-$
05. সোডিয়াম ক্লোরাইডের জলীয় দ্রবণকে তড়িৎ বিশ্লেষণ করলে উৎপাদিত হয়- [RU'17-18][Ans: c]
 (a) ক্যাথোডে সোডিয়াম, অ্যানোডে ক্লোরিন (b) অ্যানোডে অক্সিজেন, ক্যাথোডে সোডিয়াম
 (c) ক্যাথোডে হাইড্রোজেন, অ্যানোডে ক্লোরিন (d) অ্যানোডে অক্সিজেন, ক্যাথোডে হাইড্রোজেন
 সমাধান: $2\text{H}^+(\text{aq}) + 2e^- \rightarrow \text{H}_2(\text{g})$ (ক্যাথোড)
 $2\text{Cl}^-(\text{aq}) - 2e^- \rightarrow \text{Cl}_2(\text{aq})$ (অ্যানোড)
06. NaCl-এর জলীয় দ্রবণের তড়িৎ বিশ্লেষণে কোনটি উৎপন্ন হয় না? [DU'15-16][Ans: a]
 (a) Na (b) Cl₂ (c) H₂ (d) NaOH
 সমাধান: $\text{NaCl}(\text{aq}) \xrightarrow{\text{H}_2\text{O}} \text{H}_2 + \text{O}_2 + \text{NaOH}$
 কিন্তু গলিত NaCl এর তড়িৎ বিশ্লেষণে Na ও Cl₂ গ্যাস উৎপন্ন হয়।

Type-03: ফ্যারাডের সূত্র

Concept

◆ প্রয়োজনীয় সূত্রসমূহ:

$$\triangleright W = ZQ = ZIt = \frac{MIt}{eF} = \frac{EIt}{F} \left[\begin{array}{l} \text{তড়িৎ রাসায়নিক তুল্যাঙ্ক } Z = \frac{M}{eF} \\ \text{রাসায়নিক তুল্যাঙ্ক } E = \frac{M}{e} \end{array} \right]$$

e = যতগুলো ইলেকট্রন দান/গ্রহণ/তুল্য সংখ্যা

$$\triangleright \text{ফ্যারাডের দ্বিতীয় সূত্র, } \frac{W_1}{W_2} = \frac{Z_1}{Z_2} = \frac{E_1}{E_2}$$

1 mol M^{n+} ; n mole e^- গ্রহণ করে। n mole e^- গ্রহণ করতে nF বিদ্যুৎ লাগে।


$$\triangleright \text{চার্জ নির্ণয়ের জন্য সূত্র, } Q = neF = \frac{W}{M} \times e \times F = It$$

$$\text{অর্থাৎ, } Q = It = neF = \frac{W}{M} \times eF = \frac{X}{N_A} \times eF = V_{(L)}S \times eF$$

নোট: এখানে, e দ্বারা কতগুলো ইলেকট্রন দান করা হয়েছে তা বোঝানো হয়েছে।

MCQ

01. গলিত CaCl_2 এর মধ্য দিয়ে 1F তড়িৎ চালনা করলে ক্যাথোডে কত গ্রাম Ca ধাতু জমা হবে? [DU'23-24][Ans: a]
 (a) 20.0 g (b) 40.0 g (c) 80.0 g (d) 35.5 g



$$2F \quad 40g$$

$$1F \quad 20g$$

02. কোন কপার সালফেট দ্রবণে প্লাটিনাম তড়িৎদ্বারের সাহায্যে 1 ঘণ্টা যাবত 1.25 A বিদ্যুৎ চালনা করলে ক্যাথোডে কতগুলো কপার পরমাণু জমা পড়বে? [GST'23-24][Ans: a]

(a) 14.04×10^{21} (b) 1.404×10^{21} (c) 14.04×10^{22} (d) 1.404×10^{20}

সমাধান: $It = neF$

$$\Rightarrow n = \frac{It}{eF} = \frac{1.25 \times 3600}{2 \times 96500} = 0.0233 \text{ mol}$$

$$N = nN_A = 0.0233 \times 6.023 \times 10^{23}$$

$$= 1.404 \times 10^{22}$$

$$= 14.04 \times 10^{21}$$

03. গলিত NaCl এর মাধ্যে 1F তড়িৎ চালনা করলে ক্যাথোডে কত গ্রাম Na ধাতু জমা হবে? [JU'23-24; DU'17-18][Ans: b]
 (a) 2.3 g (b) 23.0 g (c) 46.0 g (d) 11.5 g

সমাধান: $W = ZIt = \left(\frac{23}{96500} \times 96500 \right) g = 23g$

04. ক্যাথোডে 1 mol Cu ধাতু জমা করতে CuSO_4 দ্রবণে কত ফ্যারাডে বিদ্যুৎ চালনা করতে হবে? [JU'23-24, 21-22; RU'20-21; CU'14-15][Ans: b]
 (a) 1 F (b) 2 F (c) 3 F (d) 4 F

সমাধান: $n = \frac{It}{eF} \Rightarrow It = neF = (1 \times 2 \times 1)F = 2F$

05. $\frac{1}{2}$ মোল Cu কে Cu^{2+} এ জারিত করতে কত ফ্যারাডে চার্জের প্রয়োজন? [GST'22-23][Ans: b]
 (a) 0 (b) 1 (c) $\frac{1}{2}$ (d) 2




1 mol Cu কে জারিত করতে 2F চার্জ প্রয়োজন।

$\therefore \frac{1}{2}$ mol Cu কে জারিত করতে $\frac{2}{2}F = 1F$ চার্জ প্রয়োজন।

06. 80 mL 0.1 M $Fe_2(SO_4)_3$ দ্রবণে 1.0 A কারেন্ট প্রবাহিত করে সম্পূর্ণরূপে $FeSO_4$ এ বিজারিত করতে কত সেকেন্ড সময় লাগবে?
[JU'22-23][Ans: c]

- (a) 7720 (b) 772 (c) 1544 (d) 1233



Fe^{3+} এর মোল সংখ্যা, $n = (80 \times 10^{-3} \times 0.1 \times 2)$

এখন, $n = \frac{It}{eF} \Rightarrow \frac{1 \times t}{1 \times 96500} = 0.016 \Rightarrow t = 1544 \text{ s}$

07. সালফিউরিক এসিডের লঘু দ্রবণে 2.5 amp বিদ্যুৎ কতক্ষণ চালনা করলে আদর্শ তাপমাত্রা ও চাপে 600 mL H_2 গ্যাস উৎপন্ন হবে?
[JU'22-23][Ans: b]

- (a) 30.46 min (b) 34.46 min (c) 32.46 min (d) 36.46 min

সমাধান: $It = neF \Rightarrow t = \frac{neF}{I} = \frac{\frac{600}{22400} \times 2 \times 96500}{2.5 \times 60} = 34.46 \text{ min}$

08. ক্যাথোডে 1 mol H_2 গ্যাস উৎপন্ন হতে কী পরিমাণ বিদ্যুৎ প্রয়োজন হবে?
[Agri.'21-22][Ans: b]

- (a) 1F (b) 2F (c) 3F (d) 4F

09. $AgNO_3$ দ্রবণের মধ্য দিয়ে 60 মিনিট 5 A তড়িৎ চালনা করা হলে ক্যাথোডে কত g Ag জমা হবে?
[Ag এর পারমাণবিক ভর 107.8]
[RU'21-22][Ans: c]

- (a) 8.766 (b) 16.812 (c) 20.145 (d) 24.854

সমাধান: $W = \frac{MIt}{eF} \Rightarrow W = \frac{107.8 \times 5 \times 60 \times 60}{1 \times 96500} \Rightarrow W = 20.145 \text{ g}$

10. 9.65A তড়িৎ 4000 s ধরে $CuSO_4$ দ্রবণের ভিতর দিয়ে প্রবাহিত করা হলে ক্যাথোডে কত g Cu জমা হবে?
(Cu এর পারমাণবিক ভর = 63.5)
[GST'20-21][Ans: c]

- (a) 9.65 (b) 6.35 (c) 12.70 (d) 3.65

সমাধান: $W = Zit = \frac{63.5}{2 \times 96500} \times 9.65 \times 4000 = 12.7 \text{ g Cu}$ ক্যাথোডে জমা হবে।

11. একটি ধাতব লবণ দ্রবণে 0.0403 অ্যাম্পিয়ার বিদ্যুৎ 1.0 ঘণ্টা চালনা করলে যদি ক্যাথোডে 0.026 g ধাতু সঞ্চিত হয় তবে লবণের তুল্য সংখ্যা কত? [M = 52]
[SUST'19-20][Ans: b]

- (a) 2 (b) 3 (c) 1 (d) 4 (e) 5

সমাধান: $W = \frac{MIt}{eF} \therefore e = \frac{MIt}{wF} = \frac{52 \times 0.0403 \times 1 \times 3600}{0.026 \times 96500} = 3$


12. 18 g Al ক্যাথোডে সঞ্চিত করতে প্রয়োজনীয় বিদ্যুতের পরিমাণ-
[RU'19-20][Ans: a]

- (a) 2.0 F (b) 1.5 F (c) 2.5 F (d) 3.0 F

সমাধান: $W = Zit \therefore It = \frac{W}{Z} = \frac{18}{\frac{27}{3 \times 96500}} = 193000 \text{ C} = 2 \text{ F}$

13. 1F বিদ্যুৎ দ্বারা কোন ধাতুর আয়ন ক্যাথোডে অধিক পরিমাণে সঞ্চিত হবে?
[JU'19-20][Ans: c]

- (a) Zn (b) Al (c) K (d) Ca



14. $AgNO_3$ দ্রবণে 60 মিনিট 5A বিদ্যুৎ চালনা করলে ক্যাথোডে কত গ্রাম Ag জমা হবে?
[JU'19-20][Ans: c]

- (a) 8.766 g (b) 16.812 g (c) 20.145 g (d) 24.854 g

সমাধান: $W = \frac{107.86}{96500} \times 60 \times 60 \times 5 = 20.145 \text{ g}$

15. $CuSO_4$ এর জলীয় দ্রবণে 0.5 অ্যাম্পিয়ার তড়িৎপ্রবাহ 10 মিনিট ব্যাপী চালনা করলে কী পরিমাণ কপার জমা হবে?
[DU'18-19][Ans: a]

- (a) 0.0987 g (b) 0.0897 g (c) 0.0798 g (d) 0.0789 g

সমাধান: $W = \frac{MIt}{eF} = \frac{63.5 \times 0.5 \times (10 \times 60)}{2 \times 96500} = 0.0987 \text{ g}$

ভার্সিটি 'ক' মাস্টার প্রশ্নব্যাংক

16. 5 A বিদ্যুৎ 30 সেকেন্ড সময় ধরে একটি ইলেকট্রোডে প্রবাহিত করলে প্রবাহিত বিদ্যুতের চার্জ কত? [RU'18-19][Ans: c]
 (a) 60 C (b) 120 C (c) 150 C (d) 100 C

সমাধান: $Q = It = 5 \times 30 = 150C$

17. $ZnSO_4$ দ্রবণের মধ্যে 3.25 A বিদ্যুৎ কতক্ষণ চালনা করলে 4.405 g Zn জমা হবে? (Zn-এর পারমাণবিক ভর 65.40 g) [JU'18-19][Ans: b]
 (a) 33.33min (b) 66.66min (c) 6.66min (d) 76.66min

সমাধান: $t = \frac{W \times 2 \times 96500}{M \times I} \text{ sec} = \frac{4.405 \times 2 \times 96500}{65.4 \times 3.25 \times 60} \text{ min} = 66.66 \text{ min}$

18. 13.5g অ্যালুমিনিয়াম ক্যাথোডে জমা করতে প্রয়োজনীয় চার্জ- [RU'17-18][Ans: b]
 (a) 1.0F (b) 1.5F (c) 2.0F (d) 3.0F

সমাধান: $Al^{3+} + 3e^- \rightarrow Al$

27g Al জমা করতে লাগে $\rightarrow 3F$ বিদ্যুৎ

$\therefore 13.5g \text{ Al} \rightarrow \frac{3 \times 13.5}{27} = 1.5 F$ বিদ্যুৎ

19. অ্যালুমিনিয়াম অক্সাইড ও ক্রায়োলাইটের গলিত মিশ্রণে $1.0 \times 10^5 A$ বিদ্যুৎ 8.0 ঘণ্টা যাবৎ চালনা করলে কত kg অ্যালুমিনিয়াম উৎপাদিত হবে? [RU'17-18][Ans: a]

(a) 268.6 kg (b) 276.5 kg (c) 262.8 kg (d) 278.6 kg

সমাধান: $W = \frac{M}{nF} It = \frac{27 \times 10^{-3}}{3 \times 96500} \times 10^5 \times 8 \times 3600 = 268.6 \text{ kg}$

20. HCl-এর জলীয় দ্রবণে এক ঘণ্টা যাবত 0.5 অ্যাম্পিয়ার মাত্রার তড়িৎ প্রবাহিত করলে কত মোল H_2 উৎপন্ন হবে? [CU'17-18][Ans: a]
 (a) $\frac{0.5 \times 3600}{2 \times 96500}$ (b) $\frac{0.5 \times 96500}{2 \times 3600}$ (c) $\frac{2 \times 96500}{0.5 \times 3600}$ (d) $\frac{96500}{2 \times 0.5 \times 3600}$

সমাধান: $n = \frac{It}{eF} = \frac{0.5 \times 3600}{2 \times 96500}$

21. Fe^{2+} দ্রবণ হতে 56g লোহাকে তড়িৎদ্বারে জমা করতে 2F তড়িৎ লাগলে Fe^{3+} দ্রবণ হতে একই পরিমাণ লোহাকে তড়িৎ দ্বারে জমা করতে কী পরিমাণ তড়িৎ লাগবে? [JU'16-17][Ans: c]

(a) 2F (b) 4F (c) 3F (d) $\frac{3}{4} F$

সমাধান: $Fe^{3+} + 3e^- \rightarrow Fe$; 56g Fe জমা করতে 3F বিদ্যুৎ লাগে।

Tricks: 1 mol M^{e+} ; e mole e^- গ্রহণ করে। e mole e^- গ্রহণ করতে eF বিদ্যুৎ লাগে।

22. Cu-এর তড়িৎ রাসায়নিক তুল্যাঙ্ক কত? [JU'15-16][Ans: d]
 (a) 13.2×10^{-6} (b) 13.2×10^{-4} (c) 3.29×10^{-6} (d) কোনটিই নয়

সমাধান: Cu এর তড়িৎ রাসায়নিক তুল্যাঙ্ক $= \frac{63.5}{2 \times 96500} = 3.29 \times 10^{-4} gC^{-1} = 3.29 \times 10^{-7} kgC^{-1}$

23. $CuSO_4$ দ্রবণে 1.0 F বিদ্যুৎ চার্জ প্রবাহিত করলে কত মোল কপার জমা হবে? [DU'14-15][Ans: a]
 (a) 0.5 mole at cathode (b) 0.5 mole at anode
 (c) 2 mole at anode (d) 2 mole at cathode

সমাধান: $Cu^{2+} + 2e^- \rightarrow Cu$

1 mole 2F \rightarrow 1 mole

24. একটি কপার (II) দ্রবণের মধ্য দিয়ে অর্ধ ঘণ্টা যাবত 10.0 Ampere বিদ্যুৎ প্রবাহিত করলে কী পরিমাণ কপার সঞ্চিত বা দ্রবীভূত হবে? [DU'13-14, 06-07; RU'07-08; KU'02-03][Ans: d]
 (a) 6.3g (b) 1.5g (c) 0.60g (d) None of these

সমাধান: $Q = It = 10 \times 60 \times 30 = 18000 C$

$2 \times 96500C$ বিদ্যুৎ চালনায় জমা হয় 63.5g

$\therefore 18000C$ বিদ্যুৎ চালনায় জমা হয় $\frac{63.5 \times 18000}{2 \times 96500} = 5.92g$

Type-04: তড়িৎ রাসায়নিক কোষ

Concept

লবণ সেতু (Salt Bridge):

গ্যালভানিক কোষের অন্যতম প্রধান অসুবিধা হল এটা সুস্থম বিদ্যুৎ প্রবাহ নিশ্চিত করতে পারে না। কারণ, যত বিক্রিয়া হয় $ZnSO_4$ দ্রবণের পাত্রে ধনাত্মক আধান বাড়তে থাকে এবং $CuSO_4$ দ্রবণের ধনাত্মক আধান কমতে থাকে। ফলে Zn দণ্ডের ইলেকট্রন ছেড়ে দেওয়ার প্রবণতা কমে যায় এবং বিদ্যুৎ প্রবাহ কমে। এই অসুবিধা দূর করার জন্য ডেনিয়েল নতুন প্রস্তাবনা দেন। তিনি গ্লেজ না দেওয়া কাদামাটির পাত্র ব্যবহার করেন $CuSO_4$ দ্রবণ রাখতে। ফলে ধনাত্মক ও ঋণাত্মক আধানের স্থানান্তর সম্ভব হয়। কিন্তু এই প্রস্তাবনার মাধ্যমেও সুস্থম বিদ্যুৎ প্রবাহ পাওয়া যায় না। কারণ এক্ষেত্রে তরল সংযোগ বিভব তৈরি হয় যা কোষের কার্যকরী বিভব কমিয়ে দেয় ফলে বিদ্যুৎ প্রবাহের পরিমাণ কমতে থাকে। তরল সংযোগ বিভব দূর করার জন্য লবণ সেতু বা Salt Bridge ব্যবহার করা হয়। দুটি অর্ধকোষের মধ্যে পরোক্ষ সংযোগের জন্য একটি বিশেষ লবণ। যেমন: KCl বা KNO_3 বা NH_4NO_3 বা Na_2SO_4 এর লবণ। লবণ সেতু U আকৃতি। এটা U আকৃতির কাঁচনল যাতে গলিত বা পেস্টের মত লবণ ঢুকানো থাকে। লবণ সেতুতে NH_4NO_3 , KCl , KNO_3 , Na_2SO_4 ইত্যাদি লবণ ব্যবহার করা হয়। লবণ সেতুর দুই মুখ তুলা দ্বারা বন্ধ করা থাকে।

ইলেক্ট্রোপ্লেটিং:

সংজ্ঞা	• তড়িৎ বিশ্লেষণ প্রক্রিয়ার সাহায্যে কোন ধাতুর উপর অপর কোন ধাতুর পাতলা আবরণ দেয়ার প্রক্রিয়াকে তড়িৎ প্রলেপন বা ইলেক্ট্রোপ্লেটিং বলে।
প্রক্রিয়ার বর্ণনা	• এক প্রকোষ্ঠবিশিষ্ট তড়িৎ রাসায়নিক কোষের মধ্যে তড়িৎ প্রলেপন প্রক্রিয়াটি সম্পন্ন হয়। • এ ক্ষেত্রে যে ধাতুর প্রলেপ দিতে হয় সেই ধাতুকে অ্যানোড এবং যে ধাতুর উপর প্রলেপ দিতে হবে তাকে ক্যাথোড হিসেবে ব্যবহার করা হয়। • সাধারণত Ni ও Cr ধাতু ব্যবহার করা হয়।
প্রয়োগ	• বাতাসের অক্সিজেন বা জলীয় বাষ্পের সাথে ক্রিয়াশীল ধাতুর তৈরি সামগ্রী তথা সস্তা ও ক্ষয়যোগ্য ধাতুর উপর ইলেক্ট্রোপ্লেটিং করা হয়।
ইলেক্ট্রোপ্লেটিং এর উদ্দেশ্য	• মরিচা বা ক্ষয় রোধ। • উজ্জ্বল্য ও সৌন্দর্য বৃদ্ধি। • স্থায়িত্ব বৃদ্ধি।

ঘড়ির চেইন উজ্জ্বল দেখার কারণ এর ভেতরে লোহা ও উপরে ক্রোমিয়ামের প্রলেপ দেয়া থাকে।

বিশেষ দ্রষ্টব্য:

- বলির অ্যানোড (Sacrificial Anode) : Zn, Mg and Al।
- তড়িৎ রাসায়নিক কোষের অপর নাম গ্যালভানিক সেল।
- গ্যালভানিক সেলের প্রকৃত উদাহরণ ড্যানিয়েল সেল।

তড়িৎ রাসায়নিক কোষ:

অর্ধকোষ: দুটি অর্ধকোষ মিলে একটি তড়িৎ রাসায়নিক কোষ তৈরি হয়।

- (i) অ্যানোড অর্ধকোষ: জারণ ঘটে। (ii) ক্যাথোড অর্ধকোষ: বিজারণ ঘটে।

অর্ধকোষের শ্রেণিবিভাগ:

- (i) ধাতু-ধাতব আয়ন অর্ধকোষ: M/M^{n+} রূপে নির্দেশ করা হয়।
বিক্রিয়া- $M(s) \rightarrow M^{n+}(aq) + ne^-$ উদাহরণ- $Zn(s) \rightarrow Zn^{2+}(aq) + 2e^-$
- (ii) ধাতু ও ধাতুর অদ্রবণীয় লবণ অর্ধকোষ: $Hg(l), Hg_2Cl_2(s) | KCl(aq)$
বিক্রিয়া- $\frac{1}{2}Hg_2Cl_2(s) + e^- \rightleftharpoons Hg(l) + Cl^-(aq)$
- (iii) জারণ-বিজারণ অর্ধকোষ: $Pt, Fe^{2+}(aq)/Fe^{3+}(aq)$
বিক্রিয়া- $Fe^{2+}(aq) \rightleftharpoons Fe^{3+}(aq) + e^-$
- (iv) গ্যাস অর্ধকোষ: $Pt, H_2(g)(1atm) | H^+(aq)(1M)$
বিক্রিয়া- $\frac{1}{2}H_2(g) \rightleftharpoons H^+(aq) + e^-$
- (v) ধাতু অ্যামালগাম ও ধাতুর আয়ন অর্ধকোষ: $Na - Hg(s)/Na^+(aq)$
বিক্রিয়া- $Na - Hg(s) \rightleftharpoons Na^+(aq) + e^- + Hg(l)$

MCQ

01. কক্ষ তাপমাত্রায় Zn^{2+}/Zn ও Fe^{2+}/Fe তড়িৎদ্বারের বিজারণ বিভব যথাক্রমে -0.76 এবং -0.44 V। তড়িৎ কোষটির বিভব কত ভোল্ট?
 (a) 0.32 (b) -0.32 (c) 1.2 (d) -1.2 [RU'23-24][Ans: a]
02. $E_{Zn^{2+}}^{\circ} = -0.76$ V হলে $25^{\circ}C$ তাপমাত্রায় 1 M $ZnSO_4$, দ্রবণে নিমজ্জিত জিংক তড়িৎদ্বারের বিভব কত ভোল্ট?
 (a) -0.76 (b) -0.80 (c) -0.72 (d) -0.84 [RU'23-24][Ans: a]
03. তড়িৎলেপন পদ্ধতিতে লোহার উপর কোন ধাতুর প্রলেপ দেয়া হয়?
 (a) রূপা (b) জিংক (c) নিকেল (d) টিন
 সমাধান: লোহা অপেক্ষা জিংক অধিক সক্রিয় হওয়ায় তা লোহার উপর জিংক অক্সাইডের স্তর গঠন করে যা লোহাকে জর্নিয়বাস্পের সংস্পর্শে বা আসতে দেয় না। [CU'22-23][Ans: b]
04. ড্যানিয়েল কোষে তড়িৎদ্বার হিসেবে ব্যবহৃত হয়- [DU'21-22; CU'16-17, 09-10, 08-09, 03-04][Ans: a]
 (a) Cu এবং Zn (b) Cu এবং Ag (c) Zn এবং Ag (d) Cu এবং Fe
05. লবণ সেতুতে তড়িৎ বিশ্লেষ্যরূপে ব্যবহৃত হয় কোনগুলো? [GST'21-22; JU'19-20][Ans: b]
 (a) KCl, $CaCl_2$, NH_4Cl (b) KCl, KNO_3 , Na_2SO_4 (c) KCl, NH_4Cl , Na_2CO_3 (d) KCl, NH_4Cl , $NaNO_3$
06. $Pt, Cl_2(g)|Cl^{-}(aq)||Fe^{2+}(aq)|Fe^{3+}(aq)$ তড়িৎ রাসায়নিক কোষের সঠিক বিক্রিয়া কোনটি? [RU'21-22][Ans: a]
 (a) $2Fe^{3+} + 2Cl^{-} \rightarrow 2Fe^{2+} + Cl_2$ (b) $2Fe^{3+} + Cl_2 \rightarrow 2Fe^{2+} + 2Cl^{-}$
 (c) $2Fe^{2+} + 2Cl^{-} \rightarrow 2Fe^{3+} + Cl_2$ (d) $2Fe^{3+} + 2Cl^{-} \rightarrow 2Fe + Cl_2$
 সমাধান: প্রশ্নটি তাত্ত্বিকভাবে সঠিক নয়। কারণ অ্যানোডে জারণ হয়। অর্থাৎ Cl^{-} ইলেকট্রন ছেড়ে Cl_2 তে পরিণত হয়। প্রশ্নে অ্যানোডের স্থানে $Cl_2(g)|Cl^{-}(aq)$ দেওয়া আছে। কিন্তু তা $Cl^{-}|Cl_2$ হওয়া উচিত ছিল।
07. $Fe(s)|Fe^{2+}(aq)||Pt(s)Br_2(l)|Br^{-}(aq)$; তড়িৎ রাসায়নিক কোষের সঠিক কোষ-বিক্রিয়া কোনটি? [DU'19-20][Ans: a]
 (a) $Fe + Br_2 \rightarrow Fe^{2+} + 2Br^{-}$ (b) $Fe + 2Br^{-} \rightarrow Fe^{2+} + Br_2$
 (c) $Fe^{2+} + Br_2 \rightarrow Fe + 2Br^{-}$ (d) $Fe + Br_2 \rightarrow Fe^{3+} + 2Br^{-}$
 সমাধান: অ্যানোডে (Anode): $Fe(s) \rightarrow Fe^{2+}(aq) + 2e^{-}$
 ক্যাথোডে (Cathode): $Br_2(l) + 2e^{-} \rightarrow 2Br^{-}(aq)$
 কোষ বিক্রিয়া (Cell reaction): $Fe(s) + Br_2(l) \rightarrow Fe^{2+}(aq) + 2Br^{-}(aq)$
08. নিম্নের ধাতুগুলির মধ্যে কোনটি জলীয় সিলভার নাইট্রেট-এ ডুবালে এর পৃষ্ঠতলে সিলভার জমা হবে না? [RU'19-20][Ans: c]
 (a) Cu (b) Fe (c) Pt (d) Zn
 সমাধান: Pt, Ag এর চেয়ে কম সক্রিয়। তাই Ag^{+} আয়ন Pt হতে e^{-} গ্রহণ করে Ag ধাতুতে পরিণত হতে পারে না।
09. নিচের কোন সেলটি পরিবেশ বান্ধব? [KU'18-19][Ans: a]
 (a) ফুয়েল (b) লেড সঞ্চয়ক (c) ক্যাডমিয়াম (d) লিথিয়াম
 সমাধান: ফুয়েল সেলে নবায়নযোগ্য জ্বালানি ব্যবহৃত হওয়ায় এটি পরিবেশে বান্ধব।
10. ইলেকট্রোকেমিক্যাল সেল নোটেশনের ক্ষেত্রে নিচের কোনটি সঠিক? [DU'17-18][Ans: b]
 (a) $Zn^{2+}(aq)|Zn(s)||Cu(s)|Cu^{2+}(aq)$ (b) $Zn(s)|Zn^{2+}(aq)||Cu^{2+}(aq)|Cu(s)$
 (c) $Zn^{2+}(aq)|Zn(s)||Cu^{2+}(aq)|Cu(s)$ (d) $Zn^{2+}(aq)|Zn(s)||Cu^{+}(aq)|Cu^{2+}(aq)$
 সমাধান: $Zn(s)|Zn^{2+}(aq)||Cu^{2+}(aq)|Cu(s)$, কারণ Zn, Cu অপেক্ষা অধিক তড়িৎ ধনাত্মক।
11. H_2 ফুয়েল সেলে অ্যানোড ও ক্যাথোডরূপে নিচের কোনটি ব্যবহৃত হয়? [RU'17-18][Ans: b]
 (a) সিলভার (b) গ্রাফাইট (c) প্লাটিনাম (d) কপার
12. কোন মৌলটি ইলেকট্রোপ্লেটিং এর জন্য ব্যবহৃত হয়? [RU'17-18; KU'13-14][Ans: a]
 (a) Cr (b) K (c) Na (d) Mg
13. তড়িৎ রাসায়নিক কোষের সল্ট-ব্রিজ কোন লবণের সম্পৃক্ত জলীয় দ্রবণটি উৎকৃষ্ট? [KU'17-18; DU'15-16][Ans: d]
 (a) KNO_3 (b) KI (c) KBr (d) KCl
 সমাধান: K ও Cl এর আকার সমান ও বিপরীতধর্মী চার্জবিশিষ্ট। তাই KCl ব্যবহারে উভয় তড়িৎদ্বারে চার্জের সমতা বজায় থাকে। তাই KCl সর্বোৎকৃষ্ট লবণ।

Written

01. $Pb(s)/Pb^{2+}(aq) || Ag(aq)/Ag^{+}(s)$, এই সেলের লবণ সেতু হিসেবে নিচের কোনটি/কোনগুলো উপযুক্ত নয় কারণসহ ব্যাখ্যা কর। K_2SO_4 , KCl এবং KNO_3 [DU'23-24]
 সমাধান: লবণ সেতুতে K_2SO_4 বা KCl ব্যবহার করলে SO_4^{2-} আয়ন ও Cl^{-} আয়ন যথাক্রমে Pb^{2+} ও Ag^{+} এর সাথে বিক্রিয়া করে $PbSO_4$ ও Ag_2SO_4 এবং $PbCl_2$ ও $AgCl$ উৎপন্ন করে যা পানিতে দ্রবণীয় নয়। কিন্তু KNO_3 ব্যবহার করলে $Pb(NO_3)_2$ ও $AgNO_3$ তৈরি করবে যা উভয়ই দ্রবণীয়। সুতরাং KNO_3 ব্যবহার করা উপযুক্ত।



Type-05: তড়িৎদ্বার বিভব, কোষ বিভব, গিবসের মুক্ত শক্তি ও কোষ বিভবের সম্পর্ক

Concept

ধাতুসমূহের প্রমাণ বিজারণ বিভব (25°C) বা সক্রিয়তা সিরিজ (নিচের দিকে ক্রম হ্রাস)

তড়িৎদ্বার বা ইলেকট্রোড	তড়িৎদ্বার অর্ধবিক্রিয়া	E°(V)(at 25°C)
Li ⁺ /Li	Li ⁺ (aq) + e ⁻ ⇌ Li(s)	-3.04
K ⁺ /K	K ⁺ (aq) + e ⁻ ⇌ K(s)	-2.92
Ca ²⁺ /Ca	Ca ²⁺ (aq) + 2e ⁻ ⇌ Ca(s)	-2.87
Na ⁺ /Na	Na ⁺ (aq) + e ⁻ ⇌ Na(s)	-2.71
Mg ²⁺ /Mg	Mg ²⁺ (aq) + 2e ⁻ ⇌ Mg(s)	-2.36
Al ³⁺ /Al	Al ³⁺ (aq) + 3e ⁻ ⇌ Al(s)	-1.66
Zn ²⁺ /Zn	Zn ²⁺ (aq) + 2e ⁻ ⇌ Zn(s)	-0.76
Cr ³⁺ /Cr	Cr ³⁺ (aq) + 3e ⁻ ⇌ Cr(s)	-0.74
Fe ²⁺ /Fe	Fe ²⁺ (aq) + 2e ⁻ ⇌ Fe(s)	-0.44
Cd ²⁺ /Cd	Cd ²⁺ (aq) + 2e ⁻ ⇌ Cd(s)	-0.40
Co ²⁺ /Co	Co ²⁺ (aq) + 2e ⁻ ⇌ Co(s)	-0.28
Ni ²⁺ /Ni	Ni ²⁺ (aq) + 2e ⁻ ⇌ Ni(s)	-0.25
Sn ²⁺ /Sn	Sn ²⁺ (aq) + 2e ⁻ ⇌ Sn(s)	-0.14
Pb ²⁺ /Pb	Pb ²⁺ (aq) + 2e ⁻ ⇌ Pb(s)	-0.13
H ⁺ /H ₂ . Pt	2H ⁺ (aq) + 2e ⁻ ⇌ H ₂ (s)	0.00
Cu ²⁺ /Cu	Cu ²⁺ (aq) + 2e ⁻ ⇌ Cu(s)	+0.34
Hg ₂ ²⁺ /Hg	Hg ₂ ²⁺ (aq) + 2e ⁻ ⇌ 2Hg(l)	+0.79
Ag ⁺ /Ag	Ag ⁺ (aq) + e ⁻ ⇌ Ag(s)	+0.80
Au ³⁺ /Au	Au ³⁺ (aq) + 3e ⁻ ⇌ Au(s)	+1.42

জারকের শক্তিমাত্রা বৃদ্ধি

বিজারকের শক্তিমাত্রা বৃদ্ধি

রসায়ন ২য় পত্র

মনে রাখার উপায়:

নাসার	কোলা	ব্যাঙ	আজ	হাসে
↙ ↘	↓	↓	↓	↓
NO ₃ ⁻ , SO ₄ ²⁻	Cl ⁻	Br ⁻	I ⁻	OH ⁻

ঋণাত্মক আয়ন	বিক্রিয়া	জারণ প্রবণতার ক্রম
NO ₃ ⁻	NO ₃ ⁻ → NO ₂ + 1/2 O ₂ + e ⁻	— জারণ প্রবণতা বৃদ্ধি —
SO ₄ ²⁻	SO ₄ ²⁻ → SO ₂ + O ₂ + 2e ⁻	
Cl ⁻	Cl ⁻ → 1/2 Cl ₂ + e ⁻	
I ⁻	I ⁻ → 1/2 I ₂ + e ⁻	
OH ⁻	2OH ⁻ → H ₂ O + 1/2 O ₂ + 2e ⁻	

কোষ বিভব বা তড়িচ্চালক বল:

কোষের অ্যানোডের জারণ বিভব ও ক্যাথোডের বিজারণ বিভবের সমষ্টি হলো কোষ বিভব বা কোষটির তড়িচ্চালক বল (electro motive force বা, emf)। ভোল্টমিটারে রেকর্ডকৃত প্রমাণ অবস্থায় কোষটির emf = 1.10V তড়িৎ কোষের emf কে অর্থাৎ E_{cell} কে নিম্নরূপে লেখা হয়।

$$\begin{aligned} \therefore E_{cell} &= E_{anode(ox)} + E_{cathode(red)} \\ &= E_{anode(ox)} - E_{cathode(ox)} \\ &= -E_{anode(red)} + E_{cathode(red)} \end{aligned}$$

- এক্ষেত্রে,
- E_{anode(ox)} = অ্যানোডের জারণ বিভব
 - E_{cathode(ox)} = ক্যাথোডের জারণ বিভব
 - E_{anode(red)} = অ্যানোডের বিজারণ বিভব
 - E_{cathode(red)} = ক্যাথোডের বিজারণ বিভব

E_{cell} > 0 → বিক্রিয়া স্বতঃস্ফূর্ত ; E_{cell} < 0 → বিক্রিয়া স্বতঃস্ফূর্ত নয় ; E_{cell} = 0 → সাম্যাবস্থা (The cell is dead)

পরিবর্তনের প্রত্যয়ে নিরন্তর পথচলা...

♦ প্রমাণ তড়িৎদ্বার বিভব ও প্রমাণ কোষ বিভব:

আমরা জানি যে, কোনো ধাতু বা ধাতব পাতের ইলেকট্রন ত্যাগ করার প্রবণতা কিছুটা নির্ভর করে যে দ্রবণে ধাতব পাতটি রাখা হয় তার ঘনমাত্রার উপর। তাই বিভিন্ন তড়িৎদ্বার বিভবের তুলনামূলক মান প্রকাশের জন্য দ্রবণের একটি নির্দিষ্ট ঘনমাত্রা স্থির করা হয়েছে। এটি হলো 1.0 molar। যখন কোন তড়িৎদ্বার 1.0 M ঘনমাত্রার ইলেকট্রোলাইট দ্রবণে নিমজ্জিত থাকে তখন সে তড়িৎদ্বারটিকে প্রমাণ তড়িৎদ্বার বলে। অনুরূপভাবে, প্রমাণ গ্যাস তড়িৎদ্বারে সংশ্লিষ্ট গ্যাসের আয়নের (যেমন H⁺ আয়নের) ঘনমাত্রা 1.0 M এবং 25°C তাপমাত্রায় গ্যাসের চাপ 1.0 atm থাকে। প্রমাণ অবস্থায় যে কোন তড়িৎদ্বারের বিভবকে প্রমাণ তড়িৎদ্বার বিভব (E°) বলে। E° কোষ = (+) ধনাত্মক হলে, কোষ বিক্রিয়া স্বতঃস্ফূর্তভাবে ঘটে। E° কোষ = (-) ঋণাত্মক হলে, কোষ বিক্রিয়া স্বতঃস্ফূর্তভাবে ঘটে না।

দুটি প্রমাণ তড়িৎদ্বার বিভবের পার্থক্যকে প্রমাণ সেল বিভব (E°_{cell}) বলে। অর্থাৎ, E°_{cell} = E°_{anode(ox)} - E°_{cathode(ox)}

MCQ

01. 25°C তাপমাত্রায় প্রদত্ত কোষটির কোষ বিভব কত হবে? [GST'23-24][Ans: b]
 Ni(s)/Ni²⁺ (0.1M) || Ag⁺ (0.1M)/Ag(s) যখন, E°_{Ni²⁺/Ni} = -0.25 V; E°_{Ag⁺/Ag} = +0.80V
 (a) 0.712 V (b) 1.050 V (c) 1.062 V (d) 0.80 V
 সমাধান: কোষ বিক্রিয়া: Ni(s) + 2Ag⁺(aq) → Ni²⁺(aq) + 2Ag(s)

$$\therefore E_{\text{cell}} = E_{\text{cell}}^{\circ} - \frac{0.0591}{2} \log \frac{[\text{Ni}^{2+}]}{[\text{Ag}^+]^2} = E_{\text{Ni}^{2+}/\text{Ni}}^{\circ} + E_{\text{Ag}^+/\text{Ag}}^{\circ} - \frac{0.0591}{2} \log \frac{[\text{Ni}^{2+}]}{[\text{Ag}^+]^2}$$

$$= (0.25 + 0.8) - \frac{0.0591}{2} \log \frac{0.1}{0.1^2} = 1.05 - \frac{0.0591}{2} \log \frac{1}{0.1} = 1.05 - \frac{0.0591}{2} = 1.02045 \text{ V} \approx 1.050 \text{ V}$$
02. 25°C তাপমাত্রায় ক্যালসিয়াম (Ca²⁺/Ca) দ্বারা নির্মিত তড়িৎদ্বার এর প্রমাণ বিজারণ বিভব কত? [JU'23-24][Ans: a]
 (a) -2.87 V (b) -3.04 V (c) +2.87 V (d) -2.36 V
03. 25°C তাপমাত্রায় ম্যাগনেসিয়াম (Mg²⁺/Mg) দ্বারা নির্মিত তড়িৎদ্বার এর প্রমাণ বিজারণ বিভব কত? [JU'23-24][Ans: d]
 (a) -2.92 V (b) -0.76 V (c) +1.36 V (d) -2.36 V
04. Zn²⁺(aq) | Zn(s) ও Ag⁺(aq) | Ag(s) তড়িৎদ্বার দুটির বিজারণ বিভব যথাক্রমে -0.76 V এবং +0.80 V। এই তড়িৎদ্বার দুটি দ্বারা তৈরি কোষের মোট বিভব কত? [DU'22-23][Ans: d]
 (a) -0.04 V (b) +0.04 V (c) -1.56 V (d) +1.56 V
 সমাধান: এখানে Zn হলো বিজারক আর Ag⁺ হলো জারক। Zn + 2Ag⁺ → Zn²⁺ + 2Ag

$$E_{\text{cell}}^{\circ} = E_{\text{Zn}^{2+}/\text{Zn}}^{\circ} + E_{\text{Ag}^+/\text{Ag}}^{\circ} = -(-0.76) + 0.80 = +1.56 \text{ V}$$
05. Zn²⁺(aq)/Zn(s) এবং Cu²⁺(aq)/Cu(s) তড়িৎদ্বার দুটির বিজারণ বিভব যথাক্রমে -0.74 V এবং +0.34 V হলে তড়িৎদ্বার দুটি দিয়ে তৈরি কোষের বিভব কত? [GST'22-23][Ans: c]
 (a) -1.08 (b) -0.04 (c) +1.08 (d) +0.04
 সমাধান: E°_{cell} = E°_{Zn/Zn²⁺} + E°_{Cu²⁺/Cu} = +0.74 + 0.34 = +1.08 V
06. নিম্নের ধাতুগুলোর মধ্যে তড়িৎকোষে ক্যাথোডরূপে ব্যবহৃত হওয়ার প্রবণতা কোনটির বেশি হবে? [JU'21-22][Ans: c]
 (a) Li (b) Ba (c) Ca (d) K
 সমাধান: সক্রিয়তার সিরিজে Li > K > Ba > Ca অতএব, ক্যাথোডরূপে Ca হবে।
07. নিচের কোন তড়িৎদ্বারটির প্রমাণ বিজারণ বিভবের মান সবচেয়ে কম? [DU'20-21][Ans: c]
 (a) H⁺(aq)/H₂(g), Pt (b) Cu⁺(aq)/Cu(s) (c) Na⁺(aq)/Na(s) (d) Pt(s), F(g)/F⁻(aq)
08. জিঙ্ক (Zn) এর জারণ বিভব কত? [RU'17-18][Ans: b]
 (a) -0.76 V (b) +0.76 V (c) -0.88 V (d) -0.80 V
 সমাধান: E_{Zn/Zn²⁺} = -(E_{Zn²⁺/Zn}) ⇒ -(-0.76) = +0.76; অর্থাৎ জারণ ও বিজারণ বিভবের সংখ্যামান সমান কিন্তু চিহ্ন বিপরীত।
09. Zn²⁺/Zn(s) এবং Cu²⁺/Cu(s) তড়িৎদ্বারদ্বয়ের প্রমাণ বিভব যথাক্রমে -0.35V এবং +0.12V হলে, পূর্ণকোষটির প্রমাণ বিভব কত? [RU'17-18; JU'11-12][Ans: d]
 (a) +0.23V (b) -0.23V (c) -0.47V (d) +0.47V
 সমাধান: E = E_{Zn/Zn²⁺} + E_{Cu²⁺/Cu} = 0.35 + 0.12 = 0.47V

10. Zn/Zn²⁺ (E° = -0.76V) ও Cu/Cu²⁺ (E° = +0.34V) কোষের E°_{cell} কত? [GST'23-24][Ans: b]
 (a) Ca/Ca²⁺ (E° = -2.87V) (b) Zn/Zn²⁺ (E° = -0.76V) (c) Mg/Mg²⁺ (E° = -2.37V) (d) Fe/Fe²⁺ (E° = -0.44V)
 সমাধান: E_{Zn/Zn²⁺} = -0.76V, E_{Cu²⁺/Cu} = +0.34V
 E°_{cell} = E_{Cu²⁺/Cu} - E_{Zn/Zn²⁺} = 0.34 - (-0.76) = 1.10V
11. যদি Zn ও Ag কোষের E°_{cell} = 1.56V হয়, তবে E°_{Zn/Zn²⁺} কত? [DU'22-23][Ans: d]
 (a) -1.56V (b) +1.56V (c) -0.76V (d) +0.76V
 সমাধান: E°_{cell} = E°_{Ag⁺/Ag} - E°_{Zn/Zn²⁺} = 0.80 - E°_{Zn/Zn²⁺} = 1.56
 E°_{Zn/Zn²⁺} = 0.80 - 1.56 = -0.76V
12. একটি তামার কোষের E°_{cell} = 1.10V। এতে E°_{Zn/Zn²⁺} = -0.76V হলে E°_{Cu²⁺/Cu} কত? [JU'23-24][Ans: b]
 (a) রাখা যাবে (b) +0.34V (c) শর্ত সাপেক্ষে (d) -0.34V
 সমাধান: E°_{cell} = E°_{Cu²⁺/Cu} - E°_{Zn/Zn²⁺} = 1.10
 E°_{Cu²⁺/Cu} = 1.10 + (-0.76) = 0.34V
13. H₂O₂ কে MnO₄⁻ দ্বারা জারণ করা হলে E°_{cell} কত? [DU'22-23][Ans: d]
 2H₂O₂ + 2H⁺ + O₂ → 2H₂O + 2H⁺
 (a) E°_{cell} = +1.10V (b) E°_{cell} = +1.50V (c) E°_{cell} = +1.90V (d) E°_{cell} = +2.30V
 সমাধান: জারণ বিভব E°_{ox} = E°_{red} - E°_{cell}
 ∴ E°_{cell} = E°_{red} - E°_{ox}
14. কোন বিক্রিয়াটি স্বতঃস্ফূর্তভাবে ঘটে? [DU'22-23][Ans: d]
 (a) Zn(s) + Cu²⁺(aq) → Zn²⁺(aq) + Cu(s)
 (b) Cu(s) + Zn²⁺(aq) → Cu²⁺(aq) + Zn(s)
 (c) 2Ag(s) + Zn²⁺(aq) → 2Ag⁺(aq) + Zn(s)
 (d) 3Sn²⁺(aq) + 2Cr³⁺(aq) → 3Sn⁴⁺(aq) + 2Cr(s)
 সমাধান: এর E°_{cell} = E°_{red} - E°_{ox} = 0.80 - (-0.76) = 1.56V > 0

Written

01. লবণ সেতু ও তড়িৎদ্বারের চিত্র অঙ্কন করে লবণ সেতুর কার্যক্রম ব্যাখ্যা করুন। [DU'22-23][Ans: d]
 সমাধান:

কোষটির

10. Zn/Zn²⁺ (E° = +0.76V) অ্যানোড (Anode) হলে নিম্নের কোনটি ক্যাথোড (Cathode) রূপে ব্যবহার করা যাবে?
 (a) Ca/Ca²⁺ (E° = +2.87V) (b) Al / Al³⁺ (E° = +1.6V) [JU'17-18; JnU'15-16][Ans: d]
 (c) Mg/Mg²⁺ (E° = +2.36V) (d) Co/Co²⁺ (E° = +0.28V)

সমাধান: E_{Zn/Zn²⁺} + E_{Co²⁺/Co} = 0.76 - 0.28 = 0.48V > 0

- আবার, একমাত্র Co/Co²⁺ এর জারণবিভব Zn/Zn²⁺ এর জারণবিভব থেকে কম আছে। তাই এটি cathode হিসেবে ব্যবহৃত হয়।
 যদি Zn ও Ag তড়িৎদ্বারের জারণ বিভব যথাক্রমে +0.76 V ও -0.80V হয়, তবে Zn/Zn²⁺ || Ag⁺/Ag কোষের emf হবে কোনটি?
 (a) -1.56V (b) -0.04V (c) +0.04V (d) 1.56V [RU'15-16][Ans: d]

সমাধান: E_{cell} = E_{Zn/Zn²⁺} + E_{Ag⁺/Ag} = (0.76 + 0.8)V = 1.56V

12. একটি তামার পাত্রে MgSO₄ দ্রবণ রাখা যাবে কি? [দেওয়া আছে, E_{Cu²⁺/Cu} = 0.34V এবং E_{Mg²⁺/Mg} = -2.36V.]
 (a) রাখা যাবে না (b) রাখা যাবে [KU'14-15][Ans: b]
 (c) শর্ত সাপেক্ষে রাখা যাবে (d) কোনটিই নয়

সমাধান: E_{cell} = E_{Cu²⁺/Cu} + E_{Mg²⁺/Mg} = -2.36 - 0.34 = -4.7 < 0; সুতরাং রাখা যাবে।

13. H₂O₂ কে MnO₄⁻ দ্বারা জারণ করা হলে কোষ বিভব, E_{cell} হিসাব কর। অর্ধ-বিক্রিয়াগুলো হল-
 2H⁺ + O₂ + 2e⁻ ⇌ H₂O₂; E° = +0.68V; MnO₄⁻ + 8H⁺ + 5e⁻ ⇌ Mn²⁺ + 4H₂O; E° = 1.51V
 (a) E_{cell} = +0.83V (b) E_{cell} = +1.51V (c) E_{cell} = +0.38V (d) E_{cell} = +0.219V [DU'13-14][Ans: a]

সমাধান: জারণ অর্ধবিক্রিয়া: H₂O₂ → 2H⁺ + O₂ + 2e⁻

বিজারণ অর্ধবিক্রিয়া: MnO₄⁻ + 8H⁺ + 5e⁻ → Mn²⁺ + 4H₂O

∴ E_{cell} = E_{ox} + E_{red} = -0.68V + 1.51V = 0.83V ∴ E_{cell} = +0.83V


14. কোন বিক্রিয়াটি স্বতঃস্ফূর্তভাবে ঘটে?
 (a) Zn(s) + Cd²⁺(aq) ⇌ Zn²⁺(aq) + Cd(s); E_{Cd²⁺/Cd} = -0.404V, E_{Zn²⁺/Zn} = -0.763V [JnU'10-11][Ans: a]
 (b) Cu(s) + ZnSO₄(aq) ⇌ CuSO₄(aq) + Zn(s); E_{Cu²⁺/Cu} = -0.34V, E_{Zn²⁺/Zn} = -0.76V
 (c) 2Ag(s) + 2H⁺(aq) ⇌ 2Ag⁺(aq) + H₂(g); E_{Ag⁺/Ag} = 0.80V
 (d) 3Sn²⁺(aq) + 2Fe(s) ⇌ 2Fe³⁺(aq) + 3Sn(s); E_{Fe³⁺/Fe} = 0.036V, E_{Sn²⁺/Sn} = -0.140V

সমাধান: এর ক্ষেত্রে E_{cell} = E_{Zn/Zn²⁺} + E_{Cd²⁺/Cd} = -(-0.763) + (-0.404) = +0.359V > 0


Written

01. লবণ সেতু ও তড়িৎদ্বার [(i) Fe²⁺(aq)/Fe(s) = -0.44V এবং (ii) Cu²⁺(aq)/Cu(s) = 0.34V] ব্যবহার করে, তড়িৎ কোষটির চিত্র অঙ্কন কর এবং কোষের emf নির্ণয় কর। [DU'20-21]

সমাধান:



কোষটির emf = E_{Fe/Fe²⁺} + E_{Cu²⁺/Cu} = -(-0.44) + 0.34 = +0.78V



Type-06: নার্নস্ট সমীকরণ

Concept

নার্নস্ট সমীকরণ: $\therefore E_{\text{cell}} = E_{\text{cell}}^{\circ} - \frac{RT}{nF} \ln Q$

যেখানে, $Q =$ বিক্রিয়ার যেকোনো মুহূর্তের বিক্রিয়া ধ্রুবক। এ সমীকরণটিকে নার্নস্ট সমীকরণ বলা হয়।

একটি আদর্শ কোষ বিক্রিয়া $x\text{A(s)} + y\text{B}^+(\text{aq}) \rightleftharpoons x\text{A}^+(\text{aq}) + y\text{B(s)}$ হলে সমীকরণটি হবে-

$$E_{\text{cell}} = E_{\text{cell}}^{\circ} - \frac{2.303RT}{eF} \log \frac{[\text{A}^+]^x}{[\text{B}^+]^y}$$

যেখানে, $Q = \frac{[\text{A}^+]^x[\text{B}]^y}{[\text{A}]^x[\text{B}^+]^y}$; $[\text{B}] = [\text{A}] = 1$ [কারণ, কঠিন পদার্থের সক্রিয় ভর 1]

এখানে, $E^{\circ} =$ প্রমাণ কোষ বিভব, $R =$ মোলার গ্যাস ধ্রুবক, $T =$ তাপমাত্রা, $e =$ আদান-প্রদানকৃত ইলেকট্রন এর সংখ্যা,

$F = 96500\text{C}$, $Q =$ বিক্রিয়া ধ্রুবক। $R = 8.314 \text{ J mol}^{-1} \text{ K}^{-1}$

[যখন, বিক্রিয়াটি সাম্যাবস্থা অর্জন করবে অর্থাৎ, বিক্রিয়া ধ্রুবক $Q =$ সাম্য ধ্রুবক K হবে তখন, $E_{\text{cell}} = 0$ হবে কারণ আমরা আগেই পড়ে আসছি সাম্যাবস্থায় $E_{\text{cell}} = 0$ হয়।]

মনে রেখো নার্নস্টের সমীকরণটি কিন্তু আদর্শ কোষের কোষ বিভব নির্ণয়ে ব্যবহৃত হয়। আদর্শ কোষের বিভব (E_{cell}), আদর্শকোষ বিভব (E°) থেকে বড় হবে, ছোট হবে নাকি সমান হবে তা নির্ভর করে যেকোন মুহূর্তের বিক্রিয়া ধ্রুবক Q এর উপর।

(i) অর্ধকোষের জন্য নার্নস্টের সমীকরণ: $E_{\text{A/A}^+} = E_{\text{A/A}^+}^{\circ} - \frac{RT}{nF} \ln[\text{A}^+]$

(ii) হাইড্রোজেন তড়িৎদ্বারের জন্য- $E_{\text{H}_2/\text{H}^+} = E_{\text{H}_2/\text{H}^+}^{\circ} - \frac{RT}{2F} \ln[\text{H}^+]^2$ কিন্তু H_2 এর জন্য প্রমাণ অবস্থায় $E_{\text{H}_2/\text{H}^+}^{\circ} = 0$

(iii) নার্নস্ট সমীকরণ হতে, pH নির্ণয়: $E_{\text{cell}} = 0.0592 \text{ pH}$

(iv) $E_{\text{H}_2}^{\circ} = 0$

MCQ

01. নিচের কোনটি গ্যালভানিক সেল $\text{Zn(s)}/\text{Zn}^{2+}(\text{aq})||\text{Cu}^{2+}(\text{aq})/\text{Cu(s)}$ এর বিভব বাড়ায়? [DU'18-19][Ans: b]

- (a) increase in $[\text{Zn}^{2+}]$ (b) increase in $[\text{Cu}^{2+}]$
(c) increase in $[\text{Zn}^{2+}]$ and $[\text{Cu}^{2+}]$ equally (d) increase in $[\text{Zn}^{2+}]$ and decrease in $[\text{Cu}^{2+}]$

সমাধান: $E_{\text{cell}} = E_{\text{cell}}^{\circ} - \frac{2.303RT}{nF} \log \frac{[\text{Zn}^{2+}]}{[\text{Cu}^{2+}]}$; $[\text{Cu}^{2+}]$ বাড়লে $\log()$ এর মান কমে। ফলে E_{cell} বাড়ে।

02. $\text{Mg(s)}|\text{Mg}^{2+}(\text{aq})||\text{Ag}^+(\text{aq})|\text{Ag(s)}$ তড়িৎকোষটির তড়িৎচালক বলের মান কত? [KU'13-14][Ans: c]

এক্ষেত্রে, $[\text{Mg}^{2+}] = 0.13\text{M}$ এবং $[\text{Ag}^+] = 1.0 \times 10^{-4}\text{M}$, 298 K

তাপমাত্রায় $E_{\text{Ag}^+/\text{Ag}}^{\circ} = +0.80\text{V}$ এবং $E_{\text{Mg}^{2+}/\text{Mg}}^{\circ} = -2.37\text{V}$

- (a) 3.17 V (b) 1.57 V (c) 2.96 V (d) 3.07 V

সমাধান: মোট কোষ বিক্রিয়া: $\text{Mg} + 2\text{Ag}^+ \rightleftharpoons \text{Mg}^{2+} + 2\text{Ag}$; $E_{\text{cell}} = E_{\text{cell}}^{\circ} + \frac{RT}{nF} \ln \frac{[\text{Ag}^+]^2}{[\text{Mg}^{2+}]} = 3.17 - 0.21 = 2.96$

03. সাধারণ অবস্থায় একটি ভোল্টায়িক বৈদ্যুতিক সেলের emf হবে- [DU'07-08][Ans: a]

[দেওয়া আছে, $\text{Cu}^{2+}(\text{aq})(0.05\text{M})/\text{Cu(s)} = 0.34\text{V}$, $\text{Zn}^{2+}(\text{aq})(0.1\text{M})/\text{Zn(s)} = -0.76\text{V}$]

- (a) 1.10V (b) 1.80V (c) 0.42V (d) 0.62V

সমাধান: ভোল্টায়িক বিদ্যুৎ সেলের emf 1.10 V

$$E_{\text{cell}} = E_{\text{cell}}^{\circ} - \frac{RT}{eF} \ln \frac{\text{উৎপাদক আয়নের ঘনমাত্রা}}{\text{বিক্রিয়ক আয়নের ঘনমাত্রা}} = (E_{\text{anode (OX)}} + E_{\text{cathode (red)}}) - \frac{2.303 \times 8.316 \times 298}{2 \times 96500} \times \log \frac{[0.1]}{[0.05]}$$

$$= (0.76 + 0.34) - \frac{0.0591}{2} \log \frac{[0.1]}{[0.05]} \approx 1.1 \text{ V}$$